৪৩
বছর ধরে
সাফল্যের
শীর্ষে

GK Recent Affairs

Your Merit, Our Schooling, Your Admission...

# GK Highlight

## অক্টোবর - ২০২৪

(৩০ সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত তথ্য সম্বলিত)




FOCUS UNIVERSITY ADMISSION COACHING & GUIDE

ফোকাস
বিশ্ববিদ্যালয় ভর্তি কোচিং

অক্টোবর-২০২৪ সাম্প্রতিক সাধারণ জ্ঞান

# বাংলাদেশ বিষয়াবলি

## জুলাই বিপ্লব-২০২৪

- **৫ জুন:** সরকারি চাকরিতে কোটা পুনর্বহালের আদেশ দিয়ে হাইকোর্টের রায় প্রদান।
- **৬ জুন:** কোটা পুনর্বহলের আদেশ বাতিলের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বিক্ষোভ।
- **৯ জুন:** আন্দোলনরত শিক্ষার্থীরা দাবি মানতে সরকারকে ৩০ জুন পর্যন্ত সময় বেধে দেয়।
- **১ জুলাই:** 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন' নামে সংগঠন সৃষ্টি হয়। এই সংগঠনের ব্যানারে কোটা ব্যবস্থার সংস্কার চেয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ছাত্র সমাবেশ ও বিক্ষোভ কর্মসূচি পালিত হয়।
- **৪ জুলাই:** সরকারির প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে মুক্তিযোদ্ধা কোটা পদ্ধতি বাতিলের সিদ্ধান্ত অবৈধ ঘোষণা করে। হাইকোর্টের দেওয়া রায় বহাল রাখেন আপিল বিভাগ। এ বিষয়ে শুনানি না করে **'নট টুডে'** বলে আদেশ দেন।
- **৬ জুলাই:** আন্দোলনকারীরা সব বিশ্ববিদ্যালয় ও কলেজে ক্লাস, পরীক্ষা বর্জন, ছাত্র ধর্মঘট এবং সারা দেশে সড়ক ও মহাসড়ক অবরোধের ডাক দেন। এর নাম দেওয়া হয় **'বাংলা ব্লকেড'**।
- **৭ জুলাই:** অনির্দিষ্টকালের জন্য কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ক্লাস ও পরীক্ষা বর্জনের ঘোষণা।
- **৯ জুলাই:** 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন' কর্তৃক সারা দেশে সকাল-সন্ধ্যা **'বাংলা ব্লকেড'** নামে অবরোধ কর্মসূচির ঘোষণা।
- **১০ জুলাই** : সাবেক প্রধান বিচারপতি ওবায়দুল হাসান বলেন, 'রাস্তায় স্লোগান দিয়ে আদালতের রায় পরিবর্তন করা যায় না'।
- **১৪ জুলাই** : গণভবনে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'কোটা বিষয়ে আমার কিছু করার নেই।' শেখ হাসিনা আরেক প্রশ্নের জবাবে বলেন, 'মুক্তিযোদ্ধাদের নাতিপুতিরা পাবে না, তাহলে কি রাজাকারের নাতিপুতিরা চাকরি পাবে'?
- **১৫ জুলাই** : দেশব্যাপী ছাত্র জনতা স্লোগান তোলে 'তুমি কে আমি কে, রাজাকার, রাজাকার'।
- **১৬ জুলাই:** আন্দোলন চলাকালে পুলিশের গুলিতে বুক ঝাঁঝরা হয়ে প্রথম শহিদ হন- রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী **আবু সাঈদ**। তার পৈতৃক নিবাস রংপুরের পীরগঞ্জ উপজেলার জাফরপাড়া গ্রামে। তার নির্মম মৃত্যুতে সারা বাংলাদেশে বিক্ষোভ ছড়িয়ে পড়ে।
- **১৭ জুলাই:** শিক্ষার্থীরা সারা দেশে **'কমপ্লিট শাটডাইন'** ঘোষণা করে। হাসপাতাল ও জরুরি পরিসেবা ছাড়া সবকিছু বন্ধ থাকবে বলে ঘোষণা দেয়।
- **১৮ জুলাই:** শিক্ষার্থীদের কর্তৃক **'কমপ্লিট শাটডাউন'** শুরু হয়। শিক্ষার্থীদের সাথে সাধারণ জনতার অংশগ্রহণে ঢাকাসহ সারা দেশ অচল হয়ে পড়ে। পুলিশ-বিজিবি ও বিভিন্ন সরকারি বাহিনীর গুলিতে **মীর মাহফুজুর রহমান মুগ্ধ**সহ শতাধিক মানুষ নিহত হয়। ফলে কোটা সংস্কার আন্দোলন ছাত্র-জনতার গণ আন্দোলনে রূপলাভ করে।
- **১৯ জুলাই:** শিক্ষার্থীদের **'কমপ্লিট শাটডাউন'** কর্মসূচিতে পুলিশ ও অন্যান্য বাহিনীর গুলিতে অসংখ্য মানুষ নিহত হয়। সরকার কর্তৃক সারা দেশে কারফিউ জারি, সেনাবাহিনী মোতায়েন ও ইন্টারনেট সেবা সম্পূর্ণ বন্ধ করা হয়। শিক্ষার্থীদের কর্তৃক ৯ দফা দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা প্রদান করা হয়। দেশ ব্যাপী ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ বন্ধ করে দেওয়া হয়।
- **২০ জুলাই:** আন্দোলনকারী শিক্ষার্থীদের তিন সমন্বয়কের সাথে তিন মন্ত্রীর বৈঠক হয় এবং ৮ দফা দাবি পেশ।
- **২১ জুলাই:** কোটা বিরোধী আন্দোলনের মুখে প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বে ৭ বিচারপতির পূর্ণাঙ্গ বেঞ্চ পূর্বের কোটা পদ্ধতি বাতিল করে ৯৩% মেধায় ও ৭% কোটা রাখার রায় দেয়।
- **২৭ জুলাই:** আন্দোলনকারী শিক্ষার্থীদের ধরতে সারাদেশে **'ব্লক রেইড'** পরিচালনা করে পুলিশ।
- **৩০ জুলাই: 'মার্চ ফর জাস্টিস'** কর্মসূচি পালন করার ঘোষণা প্রদান করে 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন'।
- **৩১ জুলাই:** আন্দোলনে শহিদের স্মরণে **'রিমেম্বারিং আওয়ার হিরোজ'** কর্মসূচি ঘোষণা করা হয়। এই কর্মসূচি ১ আগস্ট পালন করা হয়।
- **১ আগস্ট (৩২ জুলাই):** বাংলাদেশ জামায়াতে ইসলামী ও ইসলামী ছাত্র শিবিরকে নিষিদ্ধ করে প্রজ্ঞাপন জারি।
- **৩ আগস্ট:** কেন্দ্রীয় শহীদ মিনারের জমায়েত হতে সরকার পতনের **১ দফা** দাবি ঘোষণা করেন 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন' এর সমন্বয়ক নাহিদ ইসলাম। দাবি আদায় না হওয়া পর্যন্ত অনির্দিষ্টকালের জন্য **'সর্বাত্মক অসহযোগ'** আন্দোলনের ঘোষণা।
- **৪ আগস্ট:** সরকার পদত্যাগের ১ দফা দাবিতে উত্তাল বাংলাদেশ। ছাত্র জনতার উপর পুলিশ, বিজিবি ও সরকার দলীয় ক্যাডারদের গুলিতে শতাধিক নিহত। সমন্বয়করা সারাদেশের নাগরিকদের ৬ আগস্ট 'মার্চ টু ঢাকা' কর্মসূচির আহবান জানায়। পরে তা একদিন আগে ৫ আগস্ট করার ঘোষণা দেওয়া হয়।
- **৫ আগস্ট (৩৬ জুলাই):** ছাত্র জনতার গণ আন্দোলনে পদত্যাগ করে ভারতে পালিয়ে যায় জুলাই গণহত্যাকারী প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর ফলে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান সংঘটিত হয়। এটিকে জুলাই বিপ্লব নামেও অভিহিত করা হয়।
- **৮ আগস্ট:** ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তবর্তীকালীন সরকার গঠিত হয় ও নতুন বাংলাদেশ বিনির্মাণের অঙ্গীকার করা হয়।

University Admission Coaching

## নবীন-প্রবীণের অন্তর্বর্তীকালীন সরকার

- ৮ আগস্ট ২০২৪ রাষ্ট্রপতি মো: সাহাবুদ্দিন ড. মুহাম্মদ ইউনূসকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে নিয়োগ দেন। একই দিন শপথ গ্রহণের মাধ্যমে অন্তর্বর্তীকালীন সরকারের যাত্রা শুরু হয়।

| উপদেষ্টাদের নাম | দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় |
|---|---|
| ড. মুহাম্মদ ইউনূস | প্রতিরক্ষা, খাদ্য, জনপ্রশাসন, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন, মন্ত্রিপরিষদ ও সশস্ত্র বাহিনী। |
| সালেহ উদ্দিন আহমদ | অর্থ ও বাণিজ্য, বিজ্ঞান ও প্রযুক্তি |
| ড. আসিফ নজরুল | আইন, বিচার ও সংসদ বিষয়ক, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান এবং সাংস্কৃতি বিষয়ক। |
| ব্রি. জে. (অব:) ড. সাখাওয়াত হোসেন | বস্ত্র ও পাট, নৌ-পরিবহন। |
| এ এফ হাসান আরিফ | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয় |
| আদিলুর রহমান | শিল্প ও গৃহায়ন ও গণপূর্ত |
| মো. তৌহিদ হোসেন | পররাষ্ট্র |
| রিজওয়ানা হাসান | পরিবেশ, বন ও জলবায়ু এবং পানি সম্পদ |
| শারমিন এস মুরশিদ | সমাজকল্যাণ, মহিলা ও শিশু বিষয়ক |
| ড. আ ফ ম খালিদ হাসান | ধর্ম বিষয়ক |
| ফরিদা আখতার | মৎস্য ও প্রাণিসম্পদ |
| নুরজাহান বেগম | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ |
| ফারুক-ই-আজম | মুক্তিযুদ্ধ বিষয়ক এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ |
| সুপ্রদীপ চাকমা | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক |
| অধ্যাপক ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার | প্রাথমিক ও গণশিক্ষা |
| ওয়াহিদ উদ্দিন মাহমুদ | পরিকল্পনা এবং শিক্ষা |
| আলী ইমাম মজুমদার | প্রধান উপদেষ্টার কার্যালয় সংযুক্ত |
| মুহাম্মদ ফজলুল করিম খান | বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ, সড়ক পরিবহন ও সেতু এবং রেলওয়ে। |
| লে. জে. জাহাঙ্গীর আলম চৌধুরী | স্বরাষ্ট্র এবং কৃষি |
| নাহিদ ইসলাম | ডাক ও টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং তথ্য ও সম্প্রচার |
| আসিফ মাহমুদ | যুবও ক্রীড়া এবং শ্রম ও কর্মসংস্থান |

- **প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী:** আব্দুল হাফিজ (অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল), মো. মাহফুজ আলম (বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের লিয়াজোঁ কমিটির সমন্বয়ক)।

## ড. মুহাম্মদ ইউনূস

- **জন্ম:** ২৮ জুন, ১৯৪০।
- **উপাধি:** ক্ষুদ্র ঋণের প্রবর্তক, গরীবের ব্যাংকার, সামাজিক ব্যবসার অগ্রদূত।
- **শিক্ষা জীবন:** ১৯৫৭ সালে তিনি **ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে** ভর্তি হন। ১৯৬৫ সালে ফুলব্রাইট বৃত্তি নিয়ে উচ্চশিক্ষার জন্য যুক্তরাষ্ট্রে যান এবং ১৯৬৯ সালে তিনি যুক্তরাষ্ট্রের ভ্যান্ডারবিল্ট বিশ্ববিদ্যালয় থেকে গ্র্যাজুয়েট প্রোগ্রাম ইন ইকোনমিক ডেভেলপমেন্ট (GPED) থেকে অর্থনীতিতে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।
- ১৯৬২ সালে চট্টগ্রাম কলেজে অর্থনীতির প্রভাষক হিসেবে যোগদান করেন। ১৯৬৯-১৯৭২ সাল পর্যন্ত তিনি যুক্তরাষ্ট্রের মার্ফ্রিসবোরোতে মিডল টেনেসি স্টেট ইউনিভার্সিটিতে শিক্ষকতা করেন। ১৯৭২ সালে দেশে ফিরে বাংলাদেশ পরিকল্পনা কমিশনে যোগ দেন। পরে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেন। ১৯৭৫ সালে তিনি অধ্যাপক পদে উন্নীত হন এবং ১৯৮৯ সাল পর্যন্ত এ পদে কর্মরত ছিলেন।
- ১৯৭৪ সালের দুর্ভিক্ষকে খুব কাছে থেকে প্রত্যক্ষ করার পর ড. ইউনূস দারিদ্র্য দূরীকরণে সক্রিয়ভাবে অংশ নেন এবং তার অর্থনীতি বিভাগে একাডেমিক প্রোগ্রামের অংশ হিসেবে গ্রামীণ অর্থনীতি কর্মসূচি চালু করেন। ১৯৭৫ সালে তিনি নতুন ধরনের কৃষি সমবায় **'নবযুগ তেভাগা খামার'** সংগঠিত করেন। নিজে গরিব মানুষের ঋণের জামিনদার হয়ে স্থানীয় জনতা ব্যাংক থেকে তার প্রকল্পের মাধ্যমে জোবরা গ্রামের গরিব মানুষের ঋণ দেওয়া শুরু করলেন। অক্টোবর ১৯৮৩ তার এ প্রকল্প পূর্ণাঙ্গ ব্যাংকে রূপান্তরিত হয়। যার নাম হয় **'গ্রামীণ ব্যাংক'**।
- ড. মুহাম্মদ ইউনূস এবং তার প্রতিষ্ঠিত গ্রামীণ ব্যাংক যৌথভাবে ২০০৬ সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করেন। তিনি প্রথম বাংলাদেশি হিসেবে এ পুরস্কার লাভ করেন।
- **ক্রীড়াক্ষেত্রে (অলিম্পিক গেমস) ড. ইউনূস :** ২০১৬ সালে ৩১তম রিও অলিম্পিকে মশাল বহন, ২০২০ সালে ৩২তম টোকিও অলিম্পিক লরেন্স অ্যাওয়ার্ড লাভ এবং ২০২৪ সালে ৩৩তম প্যারিস অলিম্পিকে Three Zero তত্ত্ব প্রদান।
- **তার উল্লেখযোগ্য গ্রন্থ:** Three Farmers of Jobra, Creating a World Without Poverty: Social Business and the Future of Capitalism, A World of Three Zeros, Building Social Business, Super Happiness, Banker to the Poor.
- **গুরুত্বপূর্ণ পুরস্কার-সম্মাননা:** প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড (১৯৭৮), র‍্যামন ম্যাগসেসে পুরস্কার (১৯৮৪), স্বাধীনতা পুরস্কার (১৯৮৭), শান্তিতে নোবেল পুরস্কার (২০০৬), প্রেসিডেন্সিয়াল মেডেল অব ফ্রিডম (২০০৯), কংগ্রেসনাল গোল্ড মেডেল (২০১০), অলিম্পিক লরেন (২০২০), চ্যাম্পিয়ন অব গ্লোবাল চেঞ্জ অ্যাওয়ার্ড (২০২১), ট্রি অব পিস পুরস্কার (২০২৪)।

## ক্যু (Coup)

- ক্যু বা অভ্যুত্থান হলো একটি ছোট গোষ্ঠীর দ্বারা বিদ্যমান সরকারকে আকস্মিক বা সহিংস উপায়ে উৎখাত করা। অভ্যুত্থান শব্দটি এসেছে ফরাসি শব্দ (Coup) ক্যু থেকে। যার অর্থ আকস্মিকভাবে সরকারের বিরুদ্ধে অবরোধ করা। ১৭৯৯ সালের অক্টোবরে আধুনিক পৃথিবীর ইতিহাসে প্রথম ক্যু হয়।

University Admission Coaching

## ফ্যাসিবাদ

- **ফ্যাসিবাদ (Fascism):** ইতালীয় শব্দ fascismo শব্দ তেকে উদ্ভূত, যার অর্থ 'লাঠির বান্ডিল' যা ল্যাটিন শব্দ faseces থেকে উদ্ভূত। ইতালির মুসোলিনি তার নিজের আন্দোলনের প্রতীক হিসেবে ফ্যাসেস গ্রহণ করেন। রাজনৈতিক দল বা আন্দোলনের যেসব বৈশিষ্ট্য থাকলে তাকে ফ্যাসিবাদী বলা যাবে- ১) স্বৈরাচারী নেতৃত্ব ২) বিরোধীদের জোরপূর্বক দমন, ৩) রাষ্ট্রের সকল বিভাগের ওপর কঠোর নিয়ন্ত্রণ আরোপ করা ইত্যাদি।

## Gen-Z

- Gen- Z একটি শব্দবন্ধ, যা Generation Z-এর সংক্ষিপ্ত রূপ। ১৯৯৭-২০১২ সাল এর মধ্যে যারা জন্মগ্রহণ করেন তারা এ প্রজন্মের অন্তর্ভুক্ত। এ প্রজন্মের বর্তমান বয়স ১২-২৭ বছর। জেনারেশন জেডের আরও একটি নাম হলো 'জুমার্স'। উল্লেখযোগ্য কয়েকটি জেনারেশন ও সময়কাল :

| জেনারেশন | সময়কাল |
|---|---|
| জেনারেশন X | ১৯৬৫-১৯৮০ |
| জেনারেশন Y | ১৯৮১-১৯৯৬ |
| জেনারেশন Z | ১৯৯৭-২০১২ |
| জেনারেশন Alpha | ২০১২-বর্তমান |

## কারফিউ

- কারফিউ (Curfew) বলতে নির্দিষ্ট সময়ের জন্য জনসাধারণের গতিবিধিকে নিয়ন্ত্রণ করাকে বোঝায়।
- কারফিউ এর অপর নাম সান্ধ্য আইন।
- কারফিউ শব্দের উৎপত্তি চতুর্দশ শতকে।
- সাধারণত তিন ধরনের কারফিউ আইন রয়েছে।
- ১৯৭৪ সালে প্রণীত বিশেষ ক্ষমতা আইনের ২৪ ধারার মাধ্যমে প্রথমবারের মতো স্বাধীন বাংলাদেশে 'কারফিউ' জারি করা হয়।
- এই আইন লঙ্ঘন করলে ১ বছরের কারাদন্ড বা জরিমানার বিধান রয়েছে।

## ৩৬ জুলাই নিয়ে সাহিত্য সংস্কৃতি

- **৩৬ জুলাই:** ছাত্র জনতার আন্দোলন নিয়ে তথ্যচিত্র নির্মাণ করেন চলচ্চিত্র পরিচালক ও উপস্থাপক- দেবাশীষ বিশ্বাস। '৩৬ জুলাই' নামে তথ্যচিত্রটি ৫ সেপ্টেম্বর, ২০২৪ মুক্তি পায় 'ক্ল্যাপস্টিক প্রোডাকশন' নামে ইউটিউব চ্যানেলে। তথ্যচিত্রটিতে ছাত্রদের আন্দোলনের পাশাপাশি বিভিন্ন দেয়াল লিখন তুলে ধরা হয়।

## মব জাস্টিস

- মব (Mob) শব্দটি ইংরেজি শব্দ থেকে এসেছে। এটি সাধারণ উত্তেজিত, নিয়ন্ত্রণহীন বা বিশৃঙ্খল জনতাকে বোঝায়। অন্যদিকে জাস্টিস (Justice) অর্থ বিচার বা ন্যায়বিচার। 'মব জাস্টিস' (Mob Justice) অর্থ উত্তাল জনতার বা উচ্ছৃঙ্খল জনতার বিচার কার্য। এ শাস্তি প্রায়শই মারধর, নির্যাতন বা হত্যা পর্যন্ত যেতে পারে। এ ধরনের ঘটনায় যদি কেউ মারা যায় তাকে লিঞ্চিং (Lynching) বলে। এক্ষেত্রে কারও মৃত্যু ঘটলে আঘাতকারীর শাস্তি হবে বা অনূর্ধ্ব ১০ বছর কারাদণ্ড বা অর্থদণ্ড বা উভয় দণ্ড।

## জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশন

- ১০ সেপ্টেম্বর, ২০২৪ সমাজসেবা অধিদপ্তর ছাত্র জনতার অভ্যুত্থানে শহিদদের স্মরণে জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশন গঠন করে।
- ফাউন্ডেশনের কার্যনির্বাহী পরিষদ হবে- ২১জন সদস্য বিশিষ্ট।
- ফাউন্ডেশনের সভাপতি করা হয়- অন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এবং সাধারণ সম্পাদক মীর মাহবুবর রহমান স্নিগ্ধ (শহিদ মুগ্ধর জমজ ভাই)।
- ১৭ সেপ্টেম্বর, ২০২৪ অন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে ১০০ কোটি টাকা অনুদান দেয় এই ফাউন্ডেশনে।
- প্রাথমিক ভাবে প্রত্যেক শহিদদের পরিবারকে ৫ লাখ টাকা ও আহত প্রত্যেক ব্যক্তিকে সর্বোচ্চ ১ লাখ টাকা দেওয়া হবে। উল্লেখ্য, এর আগে এর আগে সিদ্ধান্ত হয় আহত ব্যক্তিদের চিকিৎসার খরচ স্বাস্থ্য মন্ত্রণালয় বহন করবে।

## স্থানীয় সরকারের জনপ্রতিনিধি অপসারণ

- ১৮ আগস্ট, ২০২৪ দেশের ১২টি সিটি কর্পোরেশনের মেয়র, ৬০টি জেলা পরিষদের চেয়ারম্যান, ৪৯৩টি উপজেলা চেয়ারম্যান এবং ৩২৩টি পৌরসভার মেয়রকে অপসারণ করা হয়।
- স্থায়ীন সরকার বিভাগের পৃথক আদেশে অপসারিত এসকল পদে প্রশাসক নিয়োগ দেওয়া হয়।
- এ পরিবর্তনের জন্য ২০২৪ এর খসড়া অনুমোদন করে অন্তবর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদ। পরে তা অধ্যাদেশ আকারে জারি করা হয়।

## বাংলাদেশ ব্যাংক

- দেশে তফসিলভুক্ত ব্যাংক (রাষ্ট্রমালিকানাধীন ৬টি বাণিজ্যিক ও ৩টি বিশেষায়িত ব্যাংক, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক ৪৩টি এবং বিদেশি বাণিজ্যিক ব্যাংক ৯টি)- ৬১টি।
- ৩ জুন, ২০২৪ 'নগদ ডিজিটাল ব্যাংক পিএলসি' দেশের প্রথম ডিজিটাল ব্যাংক হিসেবে স্বীকৃতি পাওয়ায় বর্তমানে তফসিলভুক্ত ব্যাংক ৬২টি।
- তফসিল বর্হিভূত ব্যাংক ৫টি।

University Admission Coaching

## পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও উন্নয়ন

- দেশে বন্যপ্রাণী অভয়ারণ্য রয়েছে ২৫টি। সর্বশেষ : বাইশারি ব্যাংডেপা বণ্যপ্রাণী অভয়ারণ্য, কক্সবাজার।
- দেশে জাতীয় উদ্যান রয়েছে ২০টি। সর্বশেষ : ধর্মপুর জাতীয় উদ্যান, দিনাজপুর।
- বিশেষ জীববৈচিত্র সংরক্ষণ এলাকা ২টি।

## দেশের পূর্বাঞ্চলের আকস্মিক বন্যা

- ভারী বর্ষণ ও অতি বৃষ্টির কারণে ভারত থেকে আসা ঢলে দেশের পূর্বাঞ্চলে আকস্মিক বন্যায় ফেনীসহ ১২টি জেলা ভয়াবহভাবে আক্রান্ত হয় ২১ আগস্ট ২০২৪।
- ২৭ আগস্ট ২০২৪ পর্যন্ত দেশে ১১টি জেলায় ক্ষতিগ্রস্থ হন প্রায় ৫৭,০১,২০৪ জন, মৃত্যুবরণ করেন ২৭ এর অধিক জন।
- ভারতের ত্রিপুরায় গোমতী জেলায় অবস্থিত গোমতী জলবিদ্যুৎ কেন্দ্র ডম্বুর জলাধার। এর জলস্তর ৯৪ মিটারের বেশি উঠলেই নিজে থেকে পানি গেট দিয়ে বেরিয়ে যাবে।
- ১৯৯৩ সালে ডম্বুর জলাধারের গেট উপছিয়ে পানি বেরিয়ে যায়, আবার একই ঘটনা ঘটলো ২০২৪ সালের আগস্ট মাসে।
- বন্যার ক্ষয়ক্ষতি মোকাবেলায় প্রধান উপদেষ্টা বন্যার জন্য ত্রাণ তহবিল গঠন করেন-১ হাজার কোটি টাকা।

## ট্রানজিট

❖ **নৌ-ট্রানজিট:**

- ১ নভেম্বর, ১৯৭২ বাংলাদেশ ও ভারতের সাথে নৌপথে বাণিজ্য ও ট্রানজিট বিষয়ে Protocol on Inland Water Transit and Trade নামক চুক্তি স্বাক্ষরিত হয়।
- ভারত ও বাংলাদেশের ২২টি নৌবন্দর 'পোর্টস অব কল' এর অন্তর্ভুক্ত।
- পোর্টস অব কল বলতে বন্দরে জাহাজ স্বল্প সময়ের জন্য যাত্রা বিরতি করে প্রয়োজনীয় রসদ, জ্বালানি বা অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী সংগ্রহ করাকে বোঝায়।

❖ **স্থল ট্রানজিট:**

- ১৯ অক্টোবর, ২০১১ সালে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্থলভাগে তথা ভূখণ্ড ব্যবহার করে ট্রানজিট সুবিধা লাভ করে ভারত।

❖ **রেল-ট্রানজিট:**

- রেল ট্রানজিট: ২২ জুন ২০২৪ সালে বাংলাদেশ ও ভারতের মধ্যে রেল ট্রানজিট নিয়ে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।
- বর্তমানে বাংলাদেশ-ভারত ৫টি রুটে ট্রেন চলাচল করে।

**চিকেনস নেক:**

- ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় সাতটি রাজ্যের সঙ্গে দেশটির অপর অংশের সংযোগের জন্য শিলিগুড়ি করিডোর নামে প্রায় ২০ কিলোমিটার দীর্ঘ একটি করিডোর ছাড়া সরাসরি কোনো সংযোগ পথ নেই।
- এ করিডোরের পাশে বাংলাদেশ, নেপাল ও ভুটানের অবস্থান।
- ভারতের মূল ভূখণ্ড থেকে পণ্য সামগ্রী উত্তর-পূর্ব রাজ্যগুলোতে যাওয়ার জন্য বাংলাদেশি ভূখণ্ড ব্যবহারের অনুমতিই করিডোর সুবিধা।

## অলিম্পিকে পাঁচ বাংলাদেশি

- ২৬ জুলাই, ২০২৪ থেকে শুরু হওয়া ৩৩তম প্যারিস অলিম্পিকে বাংলাদেশের ৫ জন ক্রীড়াবিদ অংশ নেওয়ার সুযোগ লাভ করে। প্যারিসে সরাসরি খেলবেন শুধু আর্চার সাগর ইসলাম। ওয়াইল্ড কার্ডে সুযোগ পান বাকি ৪ জন- শুটার রবিউল ইসলাম, দেশের দ্রুততম মানব ইমরানুর রহমান, দুই সাঁতারু সামিউল ও সোনিয়া আক্তার। উল্লেখ্য, ২০১৬ সালে রিও অলিম্পিকে বাংলাদেশ থেকে সর্বোচ্চ ৭ জন ক্রীড়াবিদ অংশ নেওয়ার সুযোগ পেয়েছিলেন। ২০২১ টোকিও অলিম্পিকে অংশ নেয় ৬ জন।

## জন্ম শতবর্ষে এস এম সুলতান

- ১০ আগস্ট ২০২৪ তার জন্ম শতবর্ষ পালিত হয়।
- তার পারিবারিক ডাক নাম লাল মিয়া।
- ১৯৫০ সালে ইউরোপ সফরের সময় যৌথ প্রদর্শনীতে তার ছবি সমকালীন বিশ্ববিখ্যাত চিত্র শিল্পী পাবলো পিকাসো, সালভেদর ডালি, কনেট মাতিসের ছবির সঙ্গে প্রদর্শিত হয়।
- ১৯৭৬ সালে আঁকা তার আইকনিক ছবি **ফার্স্ট প্ল্যান্টেশন** এখন আমাদের দেশের জাতীয় সম্পদ। তার উল্লেখযোগ্য কিছু চিত্রকর্ম হলো- **জমি চাষ, বন্যার পর, চর দখল, হত্যাযজ্ঞ ইত্যাদি।**

## বাংলাদেশের বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য

- UNESCO ঘোষিত International Memory of The World Register বা বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য ২টি। যথা :
  - ✓ ৭ মার্চের ভাষণ : স্বীকৃতি লাভ করে ৩০ অক্টোবর ২০১৭।
  - ✓ সুলতানার স্বপ্ন (Sultana's Dream) : ৮ মে ২০২৪ সালে বেগম রোকেয়া সাখাওয়াত হোসেনের কল্পকাহিনী Sultana's Dream বিশ্ব প্রামাণ্য ঐতিহ্যের স্বীকৃতি লাভ করে।

## শিক্ষাঙ্গণে নতুন মুখ

| বিশ্ববিদ্যালয়ের নাম | উপাচার্যের নাম |
|---|---|
| ঢাকা বিশ্ববিদ্যালয় | ড. নিয়াজ আহমেদ খান (৩০ তম) |
| রাজশাহী বিশ্ববিদ্যালয় | অধ্যাপক ড. সালেহ হাসান নকীব |
| জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল হাসান |
| চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | মোঃ ইয়াহইয়া আখতার |
| বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | অধ্যাপক ড. আবু বোরহান মোহাম্মদ বদরুজ্জামান। |
| জগন্নাথ বিশ্ববিদ্যালয় | ড. মো. রেজাউল করিম |

University Admission Coaching

## নব নিযুক্ত বাংলাদেশ

| | |
|---|---|
| রাষ্ট্রপতি | মোহাম্মদ সাহাবুদ্দিন চপ্পু (২২ তম) |
| প্রধান বিচারপতি | সৈয়দ রেফাত আহমেদ (২৫ তম) |
| প্রধান নির্বাচন কমিশনার | কাজী হাবিবুল আউয়াল (১৩ তম) |
| এটর্নি জেনারেল | মোহাম্মদ আসাদুজ্জামান (১৭ তম) |
| সেনাবাহিনীর প্রধান | জেনারেল ওয়াকার-উজ-জামান (১৮ তম) |
| বিমানবাহিনীর প্রধান | এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান (১৭ তম) |
| নৌ- বাহিনীর প্রধান | এডমিরাল মোহাম্মদ নাজমুল হাসান (১৭ তম) |
| বিজিবি এর প্রধান | মেজর জেনারেল আশরাফুজ্জামান সিদ্দিকী |
| পুলিশ প্রধান | মো: ময়নুল ইসলাম (৩২ তম) |
| ডিএমপি কমিশনার | মো: মইনুল হাসান |
| র‍্যাব প্রধান | এ.কে.এম শহিদুর রহমান (১১ তম) |
| বাংলা একাডেমির বর্তমান মহাপরিচালক | অধ্যাপক ড. মোহাম্মদ আজম |
| সরকারি কর্ম কমিশন (PSC) | সোহরাব হোসাইন (১৫ তম) |
| দুর্নীতি দমন কমিশন | মইনুদ্দিন আবদুল্লাহ (৬ষ্ঠ) |
| বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) | এস এম এ ফয়েজ |
| বাংলাদেশ ব্যাংকের গর্ভনর | আহসান এইচ মনসুর |
| বাংলাদেশ ক্রিকেট বোর্ড | ফারুক আহম্মেদ |
| বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন | বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী |

## রাষ্ট্র সংস্কারের ৬ কমিশন

- ১১ সেপ্টেম্বর, ২০২৪ ড. মুহাম্মদ ইউনূস ৬টি কমিশন গঠনের কথা জানান।
- পূর্ণাঙ্গ কমিশন গঠন হওয়ার পর আনুষ্ঠিকভাবে তারা তাদের কাজ শুরু করবে- ১ অক্টোবর, ২০২৪ এবং প্রতিবেদন জমা দিবে ৩১ ডিসেম্বর, ২০২৪।

| নাম | প্রধান | পদবি |
|---|---|---|
| সংবিধান সংস্কার কমিশন | অধ্যাপক আলী রীয়াজ | রাষ্ট্রবিজ্ঞানী ও যুক্তরাষ্ট্রের ইলিনয় স্টেট ইউনিভার্সিটির ডিস্টিংগুইশড অধ্যাপক। |
| নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন | ড. বদিউল আলম মজুমদার | সুজন- সুশাসনের জন্য নাগরিকের প্রতিষ্ঠাতা সম্পাদক। |
| পুলিশ প্রশাসন সংস্কার কমিশন | সফর রাজ হোসেন | সাবেক স্বরাষ্ট্র ও জনপ্রশাসন সচিব |
| বিচার বিভাগ সংস্কার কমিশন | বিচারপতি শাহ আবু নাঈম মমিনুর রহমান | সুপ্রীম কোর্টের আপিল বিভাগের বিচারপতি |
| দুদক সংস্কার কমিশন | ড. ইফতেখারুজ্জামান | ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের নির্বাহী পরিচালক |
| জনপ্রশাসন সংস্কার কমিশন | আবদুল মুয়ীদ চৌধুরী | সাবেক সচিব ও তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা। |

## বিদ্যুৎ ও গ্যাসের মূল্য নির্ধারণে BERC

- ২৭ আগস্ট, ২০২৪ নির্বাহী আদেশে বিদ্যুৎ ও গ্যাসের দাম নির্ধারণের আইন বাতিল করে রাষ্ট্রপতির দপ্তর থেকে গেজেট প্রকাশ করা হয়। ফলে বিদ্যুৎ ও গ্যাসের দাম নির্বারণের একক ক্ষমতা ফিরে পাই বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC)। BERC আইনে ৩৪(ক) ধারা সংযোগ করে নির্বাহী আদেশে দাম নির্ধারণের ক্ষমতা দেওয়া হয় নির্বাহী বিভাগকে।

### ভারত হতে ২০০ একক জমি ফেরত

- কুষ্টিয়ার দৌলতপুর সীমান্তে পদ্মা নদীর ভাঙ্গনে ভারতের কাছে হারানো প্রায় ২০০ একর জমির মালিকানা ফিরে পাচ্ছে বাংলাদেশ।
- ১৫ সেপ্টেম্বর, ২০২৪ অনুষ্ঠিত ভারত ও বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তাদের সৌজন্যমূলক বৈঠকে এ সিদ্ধান্ত হয়। সেই সাথে বাংলাদেশের ভিতরে ৪০ একর জমি ফেরত পাবে ভারত।

### কাওয়ালি

- কাওয়ালি শব্দটি আরবি 'কওল' থেকে এসেছে। কওল এর আভিধানিক অর্থ বলা। এখানে মূলত রাসুল (স.) সম্পর্কিত কথাবার্তাকেই নির্দেশ করা হয়। কাওয়ালি সুফিদের গান। সুরের মাধ্যমে পুনরাবৃত্ত ঘটলে তাকে কাওয়ালি বলা হয়। আবু হামিদ আল গাজ্জালী প্রথম কাওয়ালি রচনা করেন।

### আর্থিক খাত-দুর্নীতি দমন

- ১০ ব্যাংক ও এক আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ পুনর্গঠন করা হয়। ব্যাংকিং খাত সংস্কারের লক্ষ্যে ২৮ আগস্ট ড. দেবপ্রিয় ভট্টাচার্যকে প্রধান করে একটি টাস্কফোর্স গঠন করে বাংলাদেশ ব্যাংক। ২ সেপ্টেম্বর, ২০২৪ কালোটাকা সাদা করার সুযোগ আনুষ্ঠিকভাবে বাতিল করে প্রজ্ঞাপন জারি করে জাতীয় রাজস্ব বোর্ড (NRB)। ৯ সেপ্টেম্বর ব্যক্তি শ্রেণির করদাতাদের ২০২৪-২৫ কর বছরের রিটার্ন অনলাইনে দাখিল সিস্টেমটি করদাতাদের জন্য উন্মুক্ত করা হয়। ৯ সেপ্টেম্বর, ২০২৪ আয়কর কমিশনারদের প্রতি নতুন নির্দেশনা জারি করে NRB।

## জাতীয় বাজেট: ২০২৪-২৫

- **বাজেট-** ৫৩তম (অন্তর্বতীকালীন বাজেট বাদে)।
- **ঘোষণা-** ৬ জুন, ২০২৪।
- **বাজেট কার্যকর-** ১ জুলাই, ২০২৪।

**এক নজরে বাজেট**

| | |
|---|---|
| বাজেটের আকার | ৭,৯৭,০০০ কোটি টাকা |
| রাজস্ব আয় | ৫,৪১,০০০ কোটি টাকা |
| বৈদেশিক অনুদান | ৪,৪০০ কোটি টাকা |
| ঘাটতি (অনুবাদসহ) | ২,৫১,৬০০ কোটি টাকা |

| | |
|---|---|
| GDP'র প্রবৃদ্ধি | ৬.৭৫% |
| মূল্যস্ফীতি | ৬.৫% |
| মোট GDP | ৫৫,৯৭,৪১৪ কোটি টাকা |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | ২,৬৫,০০০ কোটি টাকা |
| **সর্বোচ্চ বরাদ্দ** | |
| জনপ্রশাসন খাত | ১,৭৫,৭৭৪ কোটি টাকা (মোট বাজেটের ২২.০৫%) |
| শিক্ষা ও প্রযুক্তি খাত | ১,১১,১৫৭ কোটি টাকা (মোট বাজেটের ১৩.৯৫%) |
| পরিবহন ও যোগাযোগ | ৮২,৯১৮ কোটি টাকা (মোট বাজেটের ১০.৪০%) |
| **করমুক্ত আয়সীমা** | |
| **শ্রেণি** | **২০২৪-২৫ (টাকা)** |
| সাধারণ | ৩,৫০,০০০ |
| মহিলা ও ৬৫ বছর বা তদূর্ধ্ব | ৪,০০,০০০ |
| প্রতিবন্ধী ব্যক্তি ও তৃতীয় লিঙ্গ | ৪,৭৫,০০০ |
| যুদ্ধাহত মুক্তিযোদ্ধা (গেজেটভুক্ত) | ৫,০০,০০০ |

## বাংলাদেশের অর্থনৈতিক সমীক্ষা-২০২৪

- জনসংখ্যা- ১৭ কোটি ১০ লক্ষ বা ১৭১ মিলিয়ন।
- জনসংখ্যা বৃদ্ধির হার- ১.৩৩ %।
- জনসংখ্যার ঘনত্ব- ১,১৭১ জন।
- গড় আয়ু : ৭২.৩ বছর (পুরুষ: ৭০.৮ ও নারী: ৭৩.৮ বছর)।
- নারী-পুরুষের অনুপাত- ১০০ : ৯৬.৩।
- স্থুল জন্মহার (প্রতি হাজারে): ১৯.৪ জন।
- স্থুল মৃত্যুহার (প্রতি হাজারে): ৬.১ জন।
- শিশু মৃত্যুর হার (প্রতি হাজারে): ২৭ জন।
- জিডিপিতে অবদান : কৃষি খাত– ১১.০২%<br>শিল্প খাত– ৩৭.৯৫%<br>সেবা খাত– ৫১.০৪%
- মোট শ্রমশক্তি (১৫ বছর +): ৭.৩৫ কোটি (পুরুষ ৪.৮০ কোটি এবং মহিলা ২.৫৫ কোটি)।
- মোট শ্রমশক্তির শতকরা হার: কৃষি খাত- ৪৫%<br>শিল্প খাত- ১৭%<br>সেবা খাত- ৩৮%
- সাক্ষরতার হার- ৭৭.৯% (পুরুষ: ৮০.১% ও নারী: ৭৫.৮%)।
- দারিদ্রের হার- ১৮.৭%।
- চরম দারিদ্রের হার- ৫.৬%।
- GDP প্রবৃদ্ধির হার- ৫.৮২%।
- জাতীয় মাথাপিছু GDP- ২৬৭৫ মার্কিন ডলার।
- মাথাপিছু আয়- ২৭৮৪ মার্কিন ডলার।
- ২০২৩-২৪ অর্থ বছরে রপ্তানি আয়- ৩৮.৪৫ বিলিয়ন ডলার ও আমদানি ব্যয়- ৪৪.১০ বিলিয়ন ডলার।
- বাংলাদেশ সবচেয়ে বেশি জনশক্তি রপ্তানি করে - সৌদি আরবে।
- সবচেয়ে বেশি রেমিটেন্স আসে- সংযুক্ত আরব আমিরাত থেকে।
- সবচেয়ে বেশি বিনিয়োগ আসে- যুক্তরাষ্ট্র থেকে।
- সবচেয়ে বেশি বৈদেশিক সাহায্য দেয়- জাপান।
- সবচেয়ে বেশি ঔষধ রপ্তানি করে- মিয়ানমার।
- তৈরী পোশাক সবচেয়ে বেশি রপ্তানি করে- যুক্তরাষ্ট্রে।

## এক নজরে বাংলাদেশ

- ইন্টারনেট বন্ধ করে যা সামাজিক যোগাযোগ মাধ্যম বন্ধ করে দিয়ে ব্যক্তি বা গোষ্ঠীর কণ্ঠস্বর, আচরণ, কার্যক্রম ইত্যাদি সীমাবদ্ধ করতে গৃহীত কঠোর পদক্ষেপকে **'ডিজিটাল ক্রাকডাউন'** বলে।
- মার্চ ফর জাস্টিস এমন একটি কর্মসূচি যা মানবাধিকার, সামাজিক ন্যায়বিচার এবং আইনি সংস্কার নিশ্চিতের জন্য পালন করা হয়। ৩১ জুলাই এ কর্মসূচি পালন করা হয়।
- ১ সেপ্টেম্বর, ২০২৪ মায়ের সাথে ভারতের ত্রিপুরায় থাকায় ভাইকে দেখতে যাওয়ার সময় মৌলভীবাজারের কুলাউড়া সীমান্ত এলাকায় BSF এর গুলিতে কিশোরী স্বর্ণাদাস নিহত হন।
- বাংলাদেশ-ভারত সীমান্তে আসামের মানকাচর অভিবাসন কেন্দ্র চালু হয়- ২৫ জুলাই, ২০২৪।
- দেশের প্রথম আইন বিশ্ববিদ্যালয়- মাদারীপুরের শিবচরে।
- দেশের প্রথম ক্যাশলেস ক্যাম্পাস স্থাপন করা হবে- রাজশাহী বিশ্ববিদ্যালয়।
- জেনেভায় জাতিসংঘের দপ্তরগুলোয় বাংলাদেশের নতুন স্থায়ী প্রতিনিধি হিসেবে নিয়োগ দেওয়া হয়- তারেক মো. আরিফুল ইসলামকে।
- মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ- প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন।
- নারী এশিয়া কাপ ২০২৪ এর ফাইনাল শ্রীলংকা-ভারত ম্যাচে যে নারী আম্পায়ারকে দায়িত্ব দেওয়া হয়- সাথিরা জাকির জেসি (বাংলাদেশ)।
- ২০২৪-২৫ অর্থবছরের প্রথমার্ধে অর্থাৎ জুলাই-ডিসেম্বর মেয়াদের জন্য বাংলাদেশ ব্যাংক নতুন মুদ্রানীতি ঘোষণা করে- ১৮ জুলাই।
- বর্তমান দেশে অনুমোদন প্রাপ্ত বেসরকারি বিশ্ববিদ্যালয়- ১১৫টি।
- ৭ জুলাই, ২০২৪ সরকার ১১৫তম বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে অনুমোদন দেয়- জাস্টিস আবু জাফর সিদ্দিকী বিজ্ঞান ও প্রযুক্তি প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- বর্তমান বিশ্বে বাংলাদেশের মিশন রয়েছে- ৬০টি দেশে।
- বর্তমান বিশ্বে বাংলাদেশের মিশন রয়েছে- ৮৪টি মিশন।
- মাতারবাড়িতে ৫০০ মেগাওয়াট সক্ষমতার সোলার বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করবে- ইন্দোনেশিয়া।
- দেশের প্রথম 'যুদ্ধশিশু' হিসেবে রাষ্ট্রীয় স্বীকৃতি পান- মেরিনা খাতুন।
- ২০২৩-২৪ অর্থবছরে সর্বাধিক রেমিটেন্স আসে- সংযুক্ত আরব আমিরাত থেকে।
- দেশের প্রথম রোবটিক সার্জারি চালু হবে- রংপুর।
- সরকার ম্যালেরিয়া নির্মূলের লক্ষ্য নির্ধারণ করেছে- ২০৩০ সালের মধ্যে।
- পর্যটকদের জন্য ঝুঁকিপূর্ণ শহরের তালিকায় ঢাকার অবস্থান- ষষ্ঠ।
- বাংলাদেশের পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়া ৪০টি দেশে ভ্রমণ করতে পারে।
- AI সূচকে বিশ্বে বাংলাদেশের অবস্থান- ১১৩তম।
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর গোলচত্বর নির্মাণ করা হবে দেশের বৃহত্তম আন্ডারপাস। এটি সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ প্রকল্পটি বাংলাদেশ সেনাবাহিনীর ২৪ ইঞ্জিনিয়ারিং কনস্ট্রাকশন ব্রিগেডের মাধ্যমে বাস্তবায়ন করবে।
- দেশের সর্বশেষ রাজনৈতিক দল- গণসংহতি আন্দোলন (৫৩ তম) উল্লেখ্য বর্তমানে বৈধ রাজনৈতিক দল আছে ৪৮টি।
- বাংলাদেশ ব্যাংকের গভর্নর পদের বয়সসীমা- কোনো বয়সসীমা নেই।
- একক দেশ হিসেবে বিশ্বে তৈরি পোশাক রপ্তানিতে বাংলাদেশের অবস্থান- ২য়।
- সরকার সাবেক প্রধানমন্ত্রী, মন্ত্রী, উপদেষ্টা ও সংসদ সদস্যদের (এমপি) জন্য বরাদ্দকৃত সব কূটনৈতক (লাল) পাসপোর্ট বাতিল করে- ২২ আগস্ট, ২০২২।
- অন্তবর্তীকালীন সরকারের নারী উপদেষ্টা রয়েছে- ৪ জন।

- ৬ আগস্ট, ২০২৪ রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৪৮(৩) অনুচ্ছেদের অধীন দ্বাদশ জাতীয় সংসদ বিলুপ্ত করেন।
- বিশ্বের পঞ্চম দূষিত নদী- বুড়িগঙ্গা (প্রথম ইন্দোনেশিয়ার চিতারুম নদী)।
- জাতিসংঘের ৭৯তম অধিবেশনের দ্বিতীয় কমিটির সভাপতি নির্বাচিত হন- মোহাম্মদ আবদুল মুহিত।
- বর্তমানে বাংলাদেশের সেনাবাহিনী বিশ্বের শান্তিরক্ষী হিসেবে মোতায়েন আছে- ৯টি দেশে।
- প্রথমবারের মতো ল্যান্ড লর্ড পোর্টে যুক্ত হয় বাংলাদেশের- চট্টগ্রাম বন্দর।
- বর্তমানে বিশ্বে বাংলাদেশের সাথে বাণিজ্যিক লেনদেন রয়েছে- ২১০টি (৮২টির সাথে বাণিজ্য ঘাটতি রয়েছে)।
- বাংলাদেশের সাথে সবচেয়ে বেশি বাণিজ্যিক ঘাটতি রয়েছে যে দেশের সাথে- চীন।
- সেনাবাহিনীর প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন- জেনারেল ওয়াকার-উজ-জামান- ২৩ জুন, ২০২৪।
- বীজ সংরক্ষণের জন্য ব্যাংক স্থাপন করবে অন্তবর্তীকালীন সরকার। সাভারে ঢাকা ইপিজেডের পাশে পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান সংলগ্ন ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজির সঙ্গে এই ব্যাংক স্থাপিত হবে।
- বাংলাদেশের স্মৃতিস্তম্ভ 'ওরে বিহঙ্গ মোর' ২৮ মে, ২০২৪ জাপানের নাগাসাকি শহরের পিস পার্কে।
- বিশ্বে ব্যয়বহুল শহরের তালিকায় ঢাকার অবস্থান- ১৪০তম। সবচেয়ে কম ব্যয়ের শহর- আবুজা (নাইজেরিয়া) ও সবচেয়ে বেশি ব্যয়ের শহর- সিঙ্গাপুর।
- বৈশ্বিক শান্তি সূচকে বাংলাদেশের অবস্থান- ৯৩তম।
- দেশে ইলিশের অভয়াশ্রম রয়েছে- ৬টি।
- বাংলাদেশ ঔষধ রপ্তানি করে- ১৫৭টি দেশে।
- সরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা- ৫৬টি।
- আন্তর্জাতিক টি-২০ তে বাংলাদেশের প্রথম বোলার হিসেবে ৬ উইকেট নেওয়ার রেকর্ড গড়েন বাঁহাতি পেসার মোস্তাফিজুর রহমান।
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক- শিক্ষার্থীরা ছাত্র আন্দোলনে নিহত-আহত ও নিখোঁজ বা গুম ব্যক্তিদের তথ্য সংগ্রহের জন্য খোলা ওয়েব পোর্টাল হলো- রেড জুলাই ডট লাইভ (redjuly.live)।
- ৫ সেপ্টেম্বর, ২০২৪ বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন শহিদি মার্চ কর্মসূচি পালন করেন।
- দেশের সকল সুপার শপে পলিথিন ব্যাগ নিষিদ্ধ করা হয়- ১ অক্টোবর, ২০২৪।
- বরিশাল বিশ্ববিদ্যালয়ের নারী ভিসি পদে নিয়োগ পান- অধ্যাপক ড. শুচিতা শারমিন।
- ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশ থেকে তৈরি পোশাক রপ্তানিতে শীর্ষ গার্মেন্টস প্রতিষ্ঠান- ইয়াংওয়ান কর্পোরেশন।
- দেশের ২৭তম পররাষ্ট্র সচিব- মো. জসীম উদ্দিন।
- **'দ্যা আর্ট অব ট্রায়াম্ফ'** হলো বাংলাদেশে জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় রাজধানী ঢাকার দেয়ালে শিক্ষার্থীদের আঁকা বর্ণিল ও বৈচিত্র্যময় গ্রাফিতি চিত্রের সংকলন।
- নির্বাহী আদেশে বাংলাদেশ জামায়েত ইসলামী ও বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরকে নিষিদ্ধ করে জারি করা প্রজ্ঞাপন বাতিল করা হয়- ২৮ আগস্ট, ২০২৪।
- বাংলাদেশের অবৈধ অস্ত্র উদ্ধারে যৌথ বাহিনীর অভিযান শুরু হয়- ৪ সেপ্টেম্বর, ২০২৪।
- জাতিসংঘ বাংলাদেশের বন্যাদুর্গত মানুষের জন্য ৪০ লাখ মার্কিন ডলার সহায়তার ঘোষণা দেয়- ৪ সেপ্টেম্বর, ২০২৪।
- যুক্তরাষ্ট্র বাংলাদেশকে ২০ কোটি মার্কিন ডলারের বেশি উন্নয়ন সহযোগিতা দেওয়ার লক্ষ্যে চুক্তি স্বাক্ষর হয়- ১৫ সেপ্টেম্বর, ২০২৪।
- সপ্তাহে সাতদিনের চলতে শুরু করে মেট্রোরেল- ২০ সেপ্টেম্বর, ২০২৪।
- প্রথমবারের মতো আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে গুমের অভিযোগ দাখিল করা হয়- ২৩ সেপ্টেম্বর, ২০২৪।
- Expanded Program on Immunization-(EPI) এর আওতায় ১১তম রোগের টিকা হিসেবে ১৫ অক্টোবর ২০২৩ সালে অন্তর্ভুক্ত হয় HPV( Human Papilloma Virus) ২০২৫ সালে EPI কর্মসূচীতে টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন ও জাপানিজ এনকেফালাইটিস ভ্যাকসিন সংযোজন করা হবে।
- ২০২৪ সালে বাংলাদেশের বর্ষপণ্য-হস্তশিল্পজাত পণ্য। উল্লেখ্য ২০২৩ সালে ছিল পাটজাত পণ্য।
- WTO'র বাণিজ্য সম্পর্কিত মেধাস্বত্ব অধিকার TRIPS চুক্তির আওতায় বাংলাদেশ ১ জুলাই, ২০৩৪ পর্যন্ত ঔষধ শিল্পে মেধাস্বত্ব ছাড় পাবে। ফলে দেশের ওষুধের দাম বৃদ্ধি পাবে না ও রফতানি বাজারে এর সুবিধা পাওয়া যাবে।
- বিশ্বব্যাংক অন্তবর্তীকালীন সরকারের সংস্কার উদ্যোগ বাস্তবায়নে বাংলাদেশকে ৩.৫ বিলিয়ন মার্কিন ডলার দেওয়ার ঘোষণা দেয়- ২৫ সেপ্টেম্বর, ২০২৪।
- বাংলাদেশ গুমবিরোধী আন্তর্জাতিক কনভেনশনে স্বাক্ষর করে- ২৯ সেপ্টেম্বর, ২০২৪। বাংলাদেশ আন্তর্জাতিক গুমবিষয়ক কনভেনশনে যোগদান করে- ৭৬তম দেশ হিসেবে।
- জাতিসংঘে বাংলাদেশের সদস্যপদ লাভের সুবর্ণজয়ন্তী- ১৭ সেপ্টেম্বর, ২০২৪।
- বাংলাদেশের ৪৪তম ভৌগোলিক নির্দেশক পণ্য- মধুপুরের আনারস।
- ১ জুলাই- ১৫ আগস্ট, ২০২৪ অনুষ্ঠিত আন্দোলনে হত্যা, অন্যায়ভাবে আটক বা গ্রেফতার, হয়রানি, ইন্টারনেট বন্ধসহ বিভিন্ন ধরনের মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় বাংলাদেশ জাতিসংঘের ফ্যাক্ট-ফাইন্ডিং মিশন একটি স্বাধীন ও নিরপেক্ষ তদন্ত পরিচালনা করছে।
- রাষ্ট্রের নির্বাহী কার্য পরিচালনার জন্য অন্তবর্তীকালীন সরকার গঠন বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১০৬ অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি সুপ্রিম কোর্টের মতামত চান।
- বাংলাদেশ থাইল্যান্ডের অনারারি কনসাল আমির হুমায়ুন মাহমুদ চৌধুরী। ২০২৪ সালের সেপ্টেম্বরে রাজধানীর থাই দূতাবাসে এক অনুষ্ঠানে এ অবদানের স্বীকৃতি হিসেবে তাকে থাইল্যান্ডের মুকুটের সর্বশ্রেষ্ঠ অর্ডারের সহযোগী পুরস্কার দেওয়া হয়।
- **আন্তর্জাতিক ইনফরমেটিক্স অলিম্পিয়াড:**

| | |
|---|---|
| সময়কাল | ১-৮ সেপ্টেম্বর, ২০২৪ |
| আয়োজন | ৩৬তম |
| অংশগ্রহণ | ৪ জন |
| স্বর্ণপদক | বাংলাদেশের হয়ে প্রথম স্বর্ণপদক পান দেবজ্যোতি দাস সৌম্য। |

- অন্তবর্তীকালীন সরকারের প্রধান হিসেবে ড. মুহাম্মদ ইউনূস শপথ নেওয়ার পর যমুনায় থাকছেন। 'যমুনা ভবনটি রাজধানীর মিন্টো রোডে অবস্থিত। ৩১ আগস্ট, ২০২৪ অন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস রাজধানীর তেজগাঁওয়ে অবস্থিত সাবেক প্রধানমন্ত্রীর কার্যালয়ে অফিস শুরু করেন। এখন থেকে এটি প্রধান উপদেষ্টার কার্যালয় হিসেবে ব্যবহৃত হবে।
- ৫ সেপ্টেম্বর, ২০২৪ অন্তবর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদের পঞ্চম বৈঠকে গণভবনকে জাদুঘরে রূপান্তরিত করার সিদ্ধান্ত হয়। যার নাম হবে 'জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর'।
- গুমবিরোধী কনভেনশনে যুক্ত হওয়ার ফলে বাংলাদেশ জাতিসংঘের মানবাধিকারবিষয়ক ৯টি সনদের ৯টিতেই যোগদান করলো।
- সরকার পতন বা উৎখাতে বিদ্রোহে ব্যবহৃত শব্দ "ক্যু" যে ভাষার শব্দ- ফরাসি।
- **পঞ্চব্রীহি :** বিজ্ঞানী ড. আবেদন চৌধুরী কর্তৃক আবিষ্কৃত বিভিন্ন মৌসুমে একগাছ হতে পাঁচ প্রকারের ধান চাষের পদ্ধতি।
- **লক্ষ্মীদিঘা ধান :** পানিতে ডোবে না; পানির সঙ্গে পাল্লা দিয়ে বাড়ে। উদ্ভাবক : হাসান জামান (নঁওগা)।

# আন্তর্জাতিক বিষয়াবলি

## ভারতের ১৮ তম লোকসভা নির্বাচন-২০২৪

- **৭ দফায় ভোট হয় :** ১৯ এপ্রিল - ১ জুন, ২০২৪।
- **নির্বাচনে জয়লাভ করে :** বিজেপি-নেতৃত্বাধীন জোট National Democratic Alliance (NDA).
- **প্রধান নেতা :** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তৃতীয় মেয়াদে ক্ষমতায় আসীন হন নরেন্দ্র মোদী ৯ জুন, ২০২৪।

| বিষয় | সরকার গঠন করে | প্রধান বিরোধী দল |
|---|---|---|
| দল | বিজেপি নেতৃত্বাধীন National Democratic Alliance (NDA) | কংগ্রেস নেতৃত্বাধীন - Indian National Developmental Inclusive Alliance (I.N.D.I.A) |
| আসন লাভ | ২৯৩টি [বিজেপি এককভাবে ২৪০টি] | ২৩২টি [কংগ্রেস এককভাবে ৯৯টি] |

- লোকসভার মোট ৫৪৩ আসনের মধ্যে সরকার গঠনের জন্য প্রয়োজন হয় ২৭২ আসন। উল্লেখ্য ভারতের আইনসভার উচ্চকক্ষ রাজ্যসভা এবং নিম্নকক্ষ লোকসভা।
- ভারতে এ পর্যন্ত ২জন রাজনীতিবিদ টানা ৩য় বারের মতো ক্ষমতায় আসীন হন।
  - ✓ জওহারলাল নেহরু (১৯৫১- ১৯৫৭ -১৯৬২) এবং নরেন্দ্র মোদী (২০১৪- ২০১৯ - ২০২৪)।
  - ✓ ৯ জুন, ২০২৪ নরেন্দ্র মোদীর শপথ অনুষ্ঠানে ৭টি দেশের রাষ্ট্রপ্রধান অংশগ্রহণ করে।

## ইরান-ইসরায়েল সংকট ২০২৪

- **সংকটের শুরু :** ১ এপ্রিল, ২০২৪; সিরিয়ার রাজধানী দামেস্কে ইরানের কনস্যুলেটে হামলা চালায় ইসরায়েল। ফলাফল ইরান ১৩ এপ্রিল, ২০২৪ ইসরায়েলে ১৭০টি ড্রোন, ৩০টি ক্রুস মিসাইল এবং ১২০টির ও বেশি ব্যালিস্টিক মিসাইল নিক্ষেপ করে।
- **Operation True Promise**: ১৩ এপ্রিল, ২০২৪ ইরান কর্তৃক ইসরায়েলে পরিচালিত অপারেশন।
- **Operation Iron Shield**: ১৩ এপ্রিল, ২০২৪ ইসরায়েল ইরানের হামলা প্রতিহত করে।
- **ইরানকে সহায়তা করে :**

| | | |
|---|---|---|
| **ইরাক :** পপুলার মোবিলাইজেশন ফোর্সেস | **লেবানন :** **হিজবুল্লাহ গ্রুপ** | **ইয়েমেন : হুতি গোষ্ঠী** |

- **ইসরায়েলকে সহায়তা করে:**

| | | |
|---|---|---|
| **যুক্তরাষ্ট্র :** United States Central Command | **যুক্তরাজ্য :** Royal Air Force | **জর্ডান :** বিমান ও নৌ-বাহিনী<br>**ফ্রান্স :** নৌ-বাহিনী |

- ইসরায়েলের সাথে ইরানের সম্পর্কছেদ হয় ১৯৭৯ সালে ইসলামী বিপ্লবের পর।
- ইরানের গোয়েন্দা বাহিনী সাভাক তৈরিতে সহায়তা করেছিলো ইসরায়েলের গোয়েন্দা সংস্থা মোসাদ।
- ইসরায়েল পাল্টা হামলা হিসেবে ইরানের ইস্পাহান শহরের একটি বিমানঘাঁটিতে হামলা করে ১৯ এপ্রিল, ২০২৪।
- ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিক রাইছি হেলিকাপ্টার দুর্ঘটনায় মারা যান ১৯ মে ২০২৪।
- ইরানের বর্তমান প্রেসিডেন্ট ডা. মাসুদ পেজেশকিয়ান।

## ইসরায়েল-ফিলিস্তিন সংকট

**এক নজরে ফিলিস্তিন-ইসরায়েল সংঘাত :**

| | |
|---|---|
| ১৮৯৭ | আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করে 'ওয়ার্ল্ড জায়নিস্ট অর্গানাইজেশন'। জায়নবাদের জনক থিওডর হার্জল আর্জেন্টিনা বা ফিলিস্তিনে একটি ইহুদি রাষ্ট্র গড়তে চেয়েছিলেন। 'জায়নবাদ' শব্দটি এসেছে হিব্রু 'জায়ন' শব্দ থেকে 'জায়ন' দিয়ে জেরুজালেম শহরকে বোঝানো হয়। ফিলিস্তিন-ইসরাইল সংঘাতের মূলে সাধারণত জায়নবাদের উত্থানকে দায়ী করা হয়। |
| ১৯১৭ | বেলফোর ঘোষণা: তৎকালীন বৃটিশ পররাষ্ট্র সচিব আর্থার জেমস বেলফোর কর্তৃক ইহুদি নেতা ব্যারন রথচাইল্ডকে লেখা চিঠি যেখানে ঘোষণা করা হয়েছিল ফিলিস্তিনে ইহুদিদের জন্য একটি রাষ্ট্র প্রতিষ্ঠা করা হবে। |
| ১৯৪৭ | জাতিসংঘের ফিলিস্তিন ভাগ প্রস্তাব: ২৯ নভেম্বর, ১৯৪৭ জাতিসংঘের সাধারণ পরিষদে ফিলিস্তিনকে দ্বিখন্ডিত করা সংক্রান্ত "রেজ্যুলেশন ১৮১(২)" গ্রহণ করা হয়। রেজ্যুলেশনে ইহুদিদের জন্য ফিলিস্তিনের ৫৫ শতাংশ বরাদ্দ রেখে গাজাসহ বাকি অংশ আরবদের দেওয়া হয়। |
| ১৯৪৮ | ইসরায়েল রাষ্ট্র ঘোষণা: ১৪ মে ১৯৪৮ ইহুদিরা ফিলিস্তিনের ভূখণ্ডে ইসরাইল নামক রাষ্ট্রের ঘোষণা দেয়। এই দিনটি ফিলিস্তিনিরা 'আল-নাকবা' হিসেবে পালন করে। ২০২৩ সাল থেকে এটি জাতিসংঘের উদ্যোগে পালিত হয়। |
| ১৯৪৮ | ইসরাইলের জন্মের পরদিনই মিশর, জর্ডান, সিরিয়া ও ইরাক একত্রে ফিলিস্তিন ভূখন্ডে হামলা করে। যুদ্ধে ইসরায়েল জয়ী হয় |
| ১৯৫৬ | আরব- ইসরায়েল দ্বিতীয় যুদ্ধ সংঘটিত হয়। এই যুদ্ধে ইসরায়েল মিশরের সিনাই উপত্যকা দখল করে। |
| ১৯৬৪ | PLO প্রতিষ্ঠিত হয় |
| ১৯৬৭ | ছয় দিনের আরব-ইসরায়েল যুদ্ধ সংঘটিত হয়। এটি আরব-ইসরায়েল তৃতীয় যুদ্ধ হিসেবে খ্যাত। |
| ১৯৭৩ | ইয়ম কিপুর যুদ্ধ: মিশর ও সিরিয়া যৌথভাবে ইহুদিদের পবিত্র দিন 'ইয়ম কিপুর' (৬ অক্টোবর) এর দিন ইসরায়েলে আক্রমণ করে। যুদ্ধে ইসরাইলের কাছে মিশর সিনাই উপত্যকা ও সিরিয়া গোলান মালভূমি হারায়। |
| ১৯৭৮ | ক্যাম্প ডেভিড চুক্তি: চতুর্থ আরব-ইসরাইল যুদ্ধের পর ১৯৭৮ সালে তৎকালীন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জিমি কার্টারের মধ্যস্থতায় যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড রাজ্যের ক্যাম্প ডেভিডে মিশর ও ইসরাইল এই চুক্তি স্বাক্ষর করে।<br>চুক্তি অনুসারে ইসরায়েল মিশরকে সিনাই উপদ্বীপ ফিরিয়ে দেয়, বিনিময় প্রথম আরব রাষ্ট্র হিসেবে মিশর ইসরাইলকে স্বীকৃতি দেয়। |
| ১৯৮৭ | প্রথম ইন্তিফাদা সংঘটিত হয়, হামাস গঠিত হয়। |

| | |
|---|---|
| ১৯৯৩ | অসলো চুক্তি: ১৯৯৩ সালে যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় চখণ্ড ও ইসরায়েলের মধ্যে শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়। |
| ২০০০ | দ্বিতীয় ইন্তিফাদা সংঘটিত হয়। |
| ২০০৪ | ফাতাহ এর প্রতিষ্ঠাতা ইয়াসির আরাফাত মৃত্যুবরণ করেন। তাকে রামাল্লায় সমাহিত করা হয়। |
| ২০০৭ | নির্বাচনে বিজয়ের মাধ্যমে গাজার নিয়ন্ত্রণ যায় হামাসের হাতে। |
| অক্টোবর ২০২৩ | হামাস-ইসরায়েল সংঘাত, গাজায় নির্বিচারে গণহত্যা। |

## সাম্প্রতিক সময়ে আলোচিত অপারেশন

| | |
|---|---|
| আল-আকসা ফ্লাড | ৭ অক্টোবর, ২০২৩ দক্ষিণ ইসরায়েলের কিব্বুতজ রে'ইম অঞ্চলের নেগেভ মরুভূমিতে চলমান সঙ্গীত উৎসব 'সুপারনোভা ফেস্টিভালে 'অপারেশন আল-আকসা ফ্লাড' নামে হামলা করে হামাস। |
| আয়রন সোর্ডস | ৮ অক্টোবর, ২০২৩ হামাসের হামলার প্রেক্ষাপটে অপারেশন আয়রন সোর্ডস নামে পাল্টা হামলা করে যুদ্ধ ঘোষণা করে ইসরায়েল। |
| Operation Prosperity Guardian *** | ইরান সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহীরা গাজায় ইসরায়েলি হামলার প্রতিবাদে লোহিত সাগরে ইসরায়েলের সাথে যোগসূত্র থাকা জাহাজে হামলা চালাচ্ছে। ফলে ১৮ ডিসেম্বর ২০২৩ যুক্তরাষ্ট্র লোহিত সাগরে হুতিদের আক্রমণ থেকে জাহাজগুলোকে রক্ষা করতে ১০টি USA, UK, Bahrain, Canada, France, Italy, Netherlands, Norway, Seychelles (পরবর্তীতে শুধু সমর্থন দেয়) and Spain দেশের নৌ-জোট দিয়ে 'Operation Prosperity Guardian' গঠন করার ঘোষণা দেয় মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন। |

## বহির্বিশ্বে ফিলিস্তিনের পক্ষে জনমত

- গাজায় ফিলিস্তিনদের উপর গণহত্যা চালানোর ইসরায়েলের বিরুদ্ধে ICJ (International Court of Justice) এ মামলা করে দক্ষিণ আফ্রিকা (২৯ ডিসেম্বর, ২০২৩)। ২৬ জানুয়ারি, ২০২৪ ICJ'তে দক্ষিণ আফ্রিকা ৯টি 'সাময়িক পদক্ষেপ' গ্রহণের আবেদন করে। শুনানিতে গাজার পরিস্থিতিকে ভয়াবহ বিপর্যয়মূলক বলে স্বীকৃতি দেয় ICJ এবং গাজায় গণহত্যা বন্ধে ইসরায়েলকে সব ধরনের পদক্ষেপ গ্রহণ করতে বলে। ICJ গাজা উপত্যকার রাফা শহরে আগ্রাসন বন্ধের জন্য ইসরায়েলকে আদেশ দেয় ২৪ মে, ২০২৪। ইসরায়েল ও হামাসের মধ্যে যুদ্ধ বিরতিতে মধ্যস্থতা করছে মূলত কাতার ও মিসর।
- গাজাবাসীর প্রতি সংহতি জানিয়ে ইসরায়েলিদের ভ্রমণ নিষিদ্ধ করছে মালদ্বীপ।
- গাজা যুদ্ধের জেরে ইসরায়েলে কয়লা রপ্তানি স্থগিত করবে কলম্বিয়া।
- OIC ভুক্ত ৫৭টি দেশের মধ্যে মাত্র ১টি দেশ (মধ্য আফ্রিকার দেশ ক্যামেরুন) ফিলিস্তিনকে স্বীকৃতি দেয় নি।

**সাম্প্রতিক সময়ে বিভিন্ন রাষ্ট্রের ফিলিস্তিনকে স্বীকৃতি**

| দেশ | স্বীকৃতির তারিখ | দেশ | স্বীকৃতির তারিখ |
|---|---|---|---|
| বার্ডাডোস | ১৯ এপ্রিল, ২০২৪ | জ্যামাইকা | ২৩ এপ্রিল, ২০২৪ |
| বাহামাস | ৭ মে, ২০২৪ | স্পেন, আয়ারল্যান্ড ও নরওয়ে | ২৮ মে, ২০২৪ |
| আমেনিয়া | ২১ জুন, ২০২৪ | ----- | ---- |

- **গাজায় হামলার প্রতিবাদে যে ২টি দেশ ইসরায়েলের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে** - বলিভিয়া ও কলম্বিয়া।
- **কারেম আবু সালেম :** মিসর ও ইসরায়েলের মধ্যকার ক্রসিং সীমান্ত।
- জাতিসংঘের সাধারণ পরিষদের ১৯৩টি রাষ্ট্রের মধ্যে ১৪৬টি রাষ্ট্র ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়েছে।
- গাজায় হামলার কারণে ইসরায়েলের সঙ্গে সব বাণিজ্য স্থগিত করেছে তুরস্ক।
- ফিলিস্তিনির সঙ্গে মুক্ত বাণিজ্যের ঘোষণা দেয় ব্রাজিল।
- ফিলিস্তিনির সঙ্গে গোল্ডেন ভিসা চালু করে ইন্দোনেশিয়া।
- **রাফাহ সীমান্ত :** স্থলপথে মিসর থেকে গাজা উপত্যকায় প্রবেশ পথ (গাজার সর্ব দক্ষিণে অবস্থিত মিসরের সিনাই উপদ্বীপ-সংলগ্ন সীমান্ত পথ)।
- **নাকবা (আরবি) শব্দের অর্থ বিপর্যয় :** ১৯৪৮ সালের ১৪ মে ফিলিস্তিনের ভূমিতে আনুষ্ঠানিকভাবে ইসরায়েল রাষ্ট্র স্থাপনের ঘোষণা দিলে ফিলিস্তিনিদের নিজ ভূমি থেকে বিতাড়িত ও রাষ্ট্রহীন হওয়ার বিপর্যয় শুরু হয়। ফিলিস্তিনিরা ১৫ মে 'আল-নাকবা' দিবস হিসেবে পালন করে। ১৫ মে, ২০২৩ থেকে জাতিসংঘ প্রথমবারের মতো দিবসটি আনুষ্ঠানিকভাবে পালন করছে।
- **ইন্তিফাদা :** ফিলিস্তিনি ভাষায় 'ইন্তিফাদা' শব্দের অর্থ ফিলিস্তিনি গণজাগরণ।

## স্বাধীনতাকামী সংগঠন হামাস:

- **হামাস অর্থ:** উদ্যম। এটি 'হারাকাত আল মুকাওয়ামাহ আল-ইসলামিয়া' এর সংক্ষিপ্ত রুপ।
- **প্রতিষ্ঠা:** ১৯৮৭ সালের ১০ ডিসেম্বর।
- **প্রতিষ্ঠাতা:** শেখ আহমদ ইয়াসিন ও আবদেল আজিজ আল রানতিস্‌সি।
- **প্রতিষ্ঠাকালীন হামাসের মূলমন্ত্র ছিল তিনটি:** ধর্ম, দাতব্য কর্মকান্ড ও ইসরাইলের বিরুদ্ধে লড়াই।
- **হামাসের সামাজিক শাখার নাম:** দাওয়া।
- **হামাসের সামরিক শাখার নাম:** ইজ আদ-দিন আল-কাসসাম ব্রিগেডস।
- **'হামাস চার্টার'-** ১৯৮৭ সালের ১০ ডিসেম্বর 'হামাস চার্টার' ঘোষণার মাধ্যমে মিশরের 'মুসলিম ব্রাদারহুড'-এর শাখা হিসেবে হামাসের জন্ম হয়।
- **পশ্চিম তীরে শাসন করে:** আল- ফাতাহ।
- **আল-ফাতাহের নেতৃত্বে আছে:** ফিলিস্তিন জাতীয় কর্তৃপক্ষ (পিএনএ)।
- ২০০৬ সালের নির্বাচনে নিরঙ্কুশ বিজয় অর্জন করার পর থেকে এখন পর্যন্ত গাজায় ক্ষমতায় আছে হামাস। হামাস ক্ষমতায় আসার পর ইসরায়েল ও মিসর গাজা উপত্যকার উপর স্থল, আকাশ ও সমুদ্র অবরোধ আরোপ করে।
- **হামাসের সাবেক প্রধান :** ইসমাইল হানিয়া ইরানের রাজধানী তেহরানে ইসরাইল কর্তৃক গুপ্ত হত্যার শিকার হন-৩১ জুলাই ২০২৪।
- **হামাসের বর্তমান নেতা:** ইয়াহিয়া সিনওয়ার
- **হামাসের তৈরিকৃত নিজস্ব ডিফেন্স সিস্টেম:** Mitbar-1
- **নুখবা ফোর্স:** সম্প্রতি ইসরাইলে হামাসের অভিযানের পেছনে ছিলো হামাসের বিশেষ শাখা 'নুখবা ফোর্স'।
- **সুড়ঙ্গ ফাঁদ:** পুরো গাজা উপত্যকায় ৩০০ মাইলের সুড়ঙ্গ রয়েছে।

University Admission Coaching

## হিজবুল্লাহ

- লেবাননভিত্তিক শিয়াপন্থী দলটিকে গঠন করে 'ইরানের রেভ্যুলেশনারি গার্ড'।
- **প্রতিষ্ঠার সাল:** ১৯৮৫।
- **বর্তমান প্রধান:** হাসান নাসরুল্লাহ। ইসরাইলের বোমা হামলায় নিহত হন-২৭ সেপ্টেম্বর ২০২৪।
- হাসান নাসরুল্লাহ হত্যার প্রতিবাদে ইরান ইসরাইলের উপর আক্রমণ শুরু করে ০১ অক্টোবর ২০২৪। এ আক্রমণে ইরানের ব্যবহৃত মিছাইলের নাম ফাতাহ ১।

## আলোচিত হুতি বিদ্রোহী গোষ্ঠী

- 'হুতি আন্দোলন' ইয়েমেনের শিয়াপন্থী একটি রাজনৈতিক এবং সামাজিক আন্দোলন যার আনুষ্ঠানিক নাম 'আনসার আল্লাহ'।
- হুতি আন্দোলনের জন্ম উত্তর ইয়েমেনের 'সাদা' শহরে।
- প্রতিষ্ঠাতা: হুসাইন বদর উদ্দিন আল-হুতি।
- 'হুতি' ইসরাইল এবং মার্কিন যুক্তরাষ্ট্রবিরোধী একটি সংগঠন।
- সাম্প্রতিক সময়ে হুতিদের বিমানঘাটিতে হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য।
- ইরান সমর্থিত গোষ্ঠিটি ক্ষেপনাস্ত্র হামলা চালাচ্ছে 'বাব-এল-মান্দেব' প্রণালীতে, ইসরায়েলগামী সামুদ্রিক জাহাজকে লক্ষ্য করে।
- হুতি বিদ্রোহিরা মার্কিন যুক্তরাষ্ট্রের যে জাহাজে হামলা চালিয়েছে তার নাম 'জিব্রাল্টার ঈগল'।
- গাজায় ইসরায়েলি হামলার প্রতিবাদে ফিলিস্তিনি ও হামাসের পক্ষে সমর্থন হিসেবে এসব হামলা চালানো হচ্ছে বলে জানান হুতিরা।

## মিয়ানমারে 'অপারেশন- ১০২৭'

- ২৭ অক্টোবর ২০২৩ থেকে মিয়ানমারের ৩টি সংখ্যালঘু আদিবাসী বিচ্ছিন্নতাবাদী বাহিনী একজোট হয়ে সামরিক বাহিনীর বিরুদ্ধে আক্রমন শুরু করে। যা 'অপারেশন-১০২৭' নামে পরিচিত।
- **বাহিনী তিনটির নাম:** আরাকান আর্মি (AA), মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি (MNDAA), এবং তাং ন্যাশনাল লিবারেশন আর্মি (TNLA)
- **তিন বাহিনীর জোটের নাম:** ব্রাদারহুড অ্যালায়েন্স।

## সম্মেলন/বৈঠক

- SCO শীর্ষ সম্মেলন (Shanghai Cooperation Organization)- ১৫-১৬ অক্টোবর, ২০২৪ (ইসলামাবাদ, পাকিস্তান)।
- BRICS শীর্ষ সম্মেলন (১৬তম)- ২২-২৪ অক্টোবর, ২০২৪ (কাজান, রাশিয়া)।
- QUAD শীর্ষ সম্মেলন (Quadrilateral Security Dialogue) আয়োজন- ৫ম। ২১ সেপ্টেম্বর, ২০২৪ (উইলমিংটন ডেলাওয়ার, যুক্তরাষ্ট্র।
- IAEA (Internation Atomic Energy Agency) এর সাধারণ সভা- ৬৮তম। ১৬-২০ সেপ্টেম্বর (ভিয়েনা, অস্ট্রিয়া)।
- UNGA (United Nations General Assembly) আয়োজন- ৭৯তম। ১০ সেপ্টেম্বর, ২০২৪ (নিউইয়ার্ক, যুক্তরাষ্ট্র)।
- ৩১তম এপেক (APEC) সম্মেলন অনুষ্ঠিত হবে ১০-১৬ নভেম্বর পেরুতে।
- ২০২৪ সালের বিমসটেক সম্মেলন হয়- ব্যাংকক, থাইল্যান্ড।
- ২০২৫ সালে ৫১তম জি-৭ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে- বন, জার্মানি।

## আমেরিকার নির্বাচন আপডেট

- যুক্তরাষ্ট্রের ৬০ তম প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হবে : ৫ নভেম্বর ২০২৪।
- ২৩ এ আগস্ট ২০২৪ এ মার্কিন নির্বাচনে রিপাবলিকান পার্টির ডোনাল্ড ট্রাম্পকে সমর্থন জানিয়ে নির্বাচন থেকে সরে দাঁড়ান রবার্ট এফ কেনেডি জুনিয়র। ডোনাল্ড ট্রাম্প তার রানিংমেট হিসেবে বেছে নিয়েছেন জেডি ভ্যান্স কে।
- মার্কিন নির্বাচনে হিলারি ক্লিন্টনের পর ২য় নারী হিসেবে প্রার্থী হয়েছেন- কমলা হ্যারিস।
- ২২ এ আগষ্ট ২০২৪ এ যুক্তরাষ্ট্রের ডেমোক্রেটিক পার্টির জাতীয় সম্মেলনে আনুষ্ঠানিকভাবে প্রার্থী হিসেবে মনোনয়ন দেওয়া হয় কমলা হ্যারিসকে এবং রানিংমেট মনোনীত করা হয় টিম ওয়ালেজ।
- ২০২৪ সালে মার্কিন নির্বাচনে রিপাবলিকান পার্টির প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের নির্বাচনী ইশতেহারের নাম- প্রজেক্ট ২০২৫।
- প্রেসিডেন্ট নির্বাচনে ৫৩৮টি ইলেকট্রোরাল কলেজ ভোটের মধ্যে প্রেসিডেন্ট নির্বাচিত হতে হলে ২৭০টি আসন পেতে হবে।

## নতুন নির্বাচিত

- থাইল্যান্ডের সর্বকনিষ্ঠ ও ২য় নারী প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হন- পেতংতার্ন সিনাওয়াত্রা।
- যুক্তরাজ্যের লেবার পার্টি ১৪ বছর পরে ক্ষমতায় আসেন এবং প্রধানমন্ত্রী নির্বাচিত হন কিয়ার স্টারমার।
- নেপালের নতুন প্রধানমন্ত্রী নির্বাচিত হন- কেপি শর্মা ওলি।
- ফ্রান্সের নতুন প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন "মিশেল বার্নিয়ে"।
- মেক্সিকোর ২০০ বছরের ইতিহাসে প্রথম নারী প্রেসিডেন্ট হয়েছেন- ক্লডিয়া শিনবাউম।
- শ্রীলংকার ১০ম প্রেসিডেন্ট দায়িত্ব গ্রহণ করেন অনুরা কুমারা দিশানায়েকে। ২৩ সেপ্টেম্বর ২০২৪ দেশটির দশম প্রেসিডেন্ট হিসেবে শপথ নেন তিনি। ২৯ সেপ্টেম্বর ২০14 থেকে তিনি জনতা বিমুক্তি পেরুমুনা (JVP) দলের নেতা।
- শ্রীলংকার ৩য় নারী প্রধানমন্ত্রী হন হরিণী অমর সুরিয়া।

## গুরুত্বপূর্ণ কয়েকটি সংস্থার সর্বশেষ সদস্য

| সংস্থার নাম | সদস্য সংখ্যা | সর্বশেষ সদস্য |
|---|---|---|
| WTO | ১৬৬ | পূর্ব তিমুর |
| PCA | ১২৪ | পূর্ব তিমুর |

| | | |
|---|---|---|
| ICSID | ১৬৬ | নিরক্ষীয় গিনি |
| WHO | ১৯৪ | দক্ষিণ সুদান |
| SCO | ১০ | বেলারুশ |
| NDB | ৯ | আলজেরিয়া |
| G20 | ২১ | আফ্রিকান ইউনিয়ন |
| NATO | ৩২ | সুইডেন |
| NAM | ১২১ | দক্ষিণ সুদান |
| INTERPOL | ১৯৬ | পালাউ |
| শেনজেন অঞ্চল | ২৯ | বুলগেরিয়া |

## মঙ্গলে নতুন পানির সন্ধান

- প্রথমবারের মতো মঙ্গলের গভীরে তরল পানির সন্ধান পান নাসার বিজ্ঞানীরা। মঙ্গল গ্রহের মার্টিয়ান ছাত্র পৃষ্ঠের প্রায় ৭-১২ মাইল গভীরে এ পানির আধার রয়েছে। যুক্তরাষ্ট্রের মাধ্যমে মহাকাশ গবেষণা সংস্থা নাসার রোবটযান 'মার্স ইনসাইট ল্যান্ডার'- নির্বাচনে- এর পাঠানো তথ্য-উপাত্ত ব্যবহার করে এক গবেষণায় এ তথ্য হিসেবে জানা গেছে। এটি ১২ আগস্ট ২০২৪ প্রসিডিংস অব দ্য ন্যাশনাল একাডেমি অব সায়েন্সেস (PNAS) জার্নালে প্রকাশিত হয়। সৌরজগতের চতুর্থ গ্রহ মঙ্গল। একে লাল গ্রহও বলা হয়। এ গ্রহে দুবার সূর্যদয় ঘটে। মঙ্গলের দু'টি উপগ্রহ রয়েছে।

**সংস্থার প্রধান**

- আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC) চেয়ারম্যান হিসাবে দায়িত্ব গ্রহণ করেন জয় শাহ।
- ১লা অক্টোবর ন্যাটোর ১৪ তম মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহন করেন নেদারল্যান্ডস এর মার্ক রুট।
- জাতিসংঘের ৭৯ তম সাধারণ পরিষদের অধিবেশনে সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহন করেন ফিলেমন ইয়াং (ক্যামেরুন)।

# রিপোর্ট – সমীক্ষা

## UNFPA এর ৪৭তম বিশ্ব জনসংখ্যা রিপোর্ট – ২০২৪

- বিশ্বের মোট জনসংখ্যা ৮১১.৯০ কোটি।

| বিষয় | শীর্ষ দেশ | বাংলাদেশ |
|---|---|---|
| জনসংখ্যায় বিশ্বে | ভারত (১৪৪.১৭ কোটি) | ৮ম |
| জনসংখ্যা ঘনত্বে | মোনাকো | ৬ষ্ঠ |
| জনসংখ্যায় মুসলিম বিশ্বে | ইন্দোনেশিয়া | ৪র্থ |
| জনসংখ্যায় সার্কভুক্ত দেশ | ভারত | ৩য় |

- সার্কভুক্ত দেশগুলোর মধ্যে জনসংখ্যা বৃদ্ধির হার সর্বোচ্চ : আফগানিস্থান।
- সবচেয়ে কম ঘনবসতিপূর্ণ দেশ : মঙ্গোলিয়া।

## ৩২ তম মানব উন্নয়ন সূচক ২০২৩/২০২৪

- **প্রকাশক :** UNDP

| বিষয় | দেশের নাম |
|---|---|
| শীর্ষ দেশ | সুইজারল্যান্ড |
| সর্বনিম্ন দেশ | সোমালিয়া |
| বাংলাদেশের অবস্থান | ১২৯ তম |
| গড় আয়ুতে শীর্ষ দেশ | জাপান |
| গড় আয়ুতে সর্বনিম্ন দেশ | শাদ ও লেসোথো |
| মাথাপিছু আয়ে শীর্ষ দেশ | লিচটেনস্টাইন |
| মাথাপিছু আয়ে সর্বনিম্ন দেশ | দক্ষিণ সুদান |

## বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন – ২০২৪ [প্রকাশক : UNCTAD]

- **বিনিয়োগ প্রাপ্তিতে ও বিনিয়োগে শীর্ষ দেশ :** যুক্তরাষ্ট্র।
- **বাংলাদেশে সবচেয়ে বেশি বিনিয়োগ করেঃ** যুক্তরাষ্ট্র (বাংলাদেশ ব্যাংক)।
- **স্বল্পোন্নত দেশের মধ্যে বিনিয়োগ প্রাপ্তিতে শীর্ষ ৩ দেশ :** কম্বোডিয়া, ইথিওপিয়া এবং বাংলাদেশ।
- **বাংলাদেশে সবচেয়ে বেশি বিনিয়োগ আসে :** তৈরি পোশাক খাতে। **বাংলাদেশ সবচেয়ে বেশি রপ্তানি করে :** নীটওয়্যার।

## তেল ও গ্যাস উৎপাদন, আমদানি, রপ্তানি ও রিজার্ভে শীর্ষদেশ

| বিষয় | উৎপাদন | আমদানি | রপ্তানি | রিজার্ভ |
|---|---|---|---|---|
| তেল | যুক্তরাষ্ট্র | চীন | সৌদি আরব | ভেনিজুয়েলা |
| গ্যাস | যুক্তরাষ্ট্র | জার্মানি | যুক্তরাষ্ট্র | রাশিয়া |

## গুরুত্বপূর্ণ কিছু রিপোর্ট – সমীক্ষা

| রিপোর্টের নাম | প্রকাশক | শীর্ষ দেশ | সর্বনিম্ন দেশ | বাংলাদেশের অবস্থান |
|---|---|---|---|---|
| প্রবাসী আয় | বিশ্ব ব্যাংক | ভারত | - | ৭ম |
| শান্তিরক্ষী প্রেরণ | UN Peacekeeping Mission | নেপাল | - | ৩য় |
| পার্সপোর্ট মূল্যায়ন | দ্যা হেনলি অ্যান্ড পার্টনার্স, যুক্তরাজ্য | সিঙ্গাপুর | আফগানিস্তান | ৯৫তম |
| বৈশ্বিক খাদ্য নিরাপত্তা সূচক | The Economist | ফিনল্যান্ড | সিরিয়া | ৮০তম |
| বৈশ্বিক শান্তি সূচক | Institute for Economics & Peace | আইসল্যান্ড | ইয়েমেন | ৯৩তম |
| আইনের শাসন সূচক | The word justice Project, USA | ডেনমার্ক | ভেনিজুয়েলা | ১২৭তম |
| অর্থনৈতিক স্বাধীনতা সূচক | The Heritage Foundation, USA | সিঙ্গাপুর | উত্তর কোরিয়া | ১১৬তম |
| বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচক | Reporters without borders | নরওয়ে | ইরিত্রিয়া | ১৬৫তম |
| E-Government Survey 2024 | জাতিসংঘ | ডেনমার্ক | মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র | ১০০তম |
| | | | | |

# খেলাধুলা

## ৩৩ তম অলিম্পিক-২০২৪

- **আয়োজক** : প্যারিস ফ্রান্স (২৬ জুলাই-১১ আগস্ট, ২০২৪);
  **Moto** : Games Wide Open;
  **মাসকট** : The Phryges (লাল টুপি)।
- **উদ্বোধনী অনুষ্ঠান:** জার্দি দু ট্রসাদেরো, **সমাপনী অনুষ্ঠান** : স্তাদ দ্য ফ্রঁস; **ইভেন্ট** : ৩২টি (অংশগ্রহণকারী দেশ : ২০৬টি)
- ১০০০০ মি. দৌড়ে ইথিওপিয়ান কেনেনিসা বেকেলের রেকর্ড ভেঙে নতুন রেকর্ড করে সোনা জিতেন : চেপতেগেইয়ে (উগান্ডা)।
- **অলিম্পিকের ইতিহাসে প্রথম ক্রীড়াবিদ হিসেবে একই ব্যক্তিগত ইভেন্টে ৫টি স্বর্ণপদক জিতেন:** লোপেজ (যুক্তরাষ্ট্র)।
- **অলিম্পিকের ইতিহাসের সেরাদের সেরা** : মার্কিন সাতারু মাইকেল ফেলপস (২৮টি পদক যার মধ্যে ২৩টি সোনা)।
- ৩০টি পদক নিয়ে বিশ্ব চ্যাম্পিয়নশীপের ইতিহাসে সবচেয়ে বেশি পদকজয়ী জিমন্যাস্ট : সিমোন বাইলস (যুক্তরাষ্ট্র)।
- **অলিম্পিকে পদক :**
  - ✓ **প্রথম পদক লাভ করে:** কাজাখস্তান; **প্রথম দেশ হিসেবে স্বর্ণপদক পায় :** চীন (শুটিং ইভেন্ট)।
  - ✓ **নতুন যুক্ত ইভেন্ট 'ব্রেকিং' এ প্রথম সোনা জিতে ইতিহাস গড়েন :** আমি ইউয়াসা (জাপান) [২০২৮ অলিম্পিকে বাতিল]।
  - ✓ **ফুটবলে স্বর্ণপদক লাভ :** স্পেন (পুরুষ), যুক্তরাষ্ট্র (মহিলা)।
  - ✓ **টেনিসে স্বর্ণপদক লাভ :** পুরুষ- নোভাক জোকোভিচ (সার্বিয়া), মহিলা- ঝেং কিনওয়েন (চীন) [টেনিসে প্রথমবারের মত চীনা স্বর্ণপদক]।
  - ✓ **পদক তালিকায় শীর্ষদেশ :** ১. আমেরিকা (১২৬ পদক, ৪০ সোনা), ২. চীন (৯১ পদক, ৪০ সোনা) ৩. জাপান (৪৫ পদক, ২০ সোনা)।

## এক নজরে টি-২০ বিশ্বকাপ ২০২৪

| | |
|---|---|
| আসর | ৯ম |
| আয়োজক দেশ | যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজ |
| অংশ গ্রহণকারী দল | ২০টি |
| প্রথম ম্যাচ অনুষ্ঠিত হয় | ২ জুন ২০২৪ |
| প্রথম ম্যাচে অংশ গ্রহণকারী দল | যুক্তরাষ্ট্র ও কানাডা |
| প্রথম ম্যাচ অনুষ্ঠিত স্টেডিয়াম | গ্র্যান্ড প্রেইরি স্টেডিয়াম, যুক্তরাষ্ট্র |
| মোট অনুষ্ঠিত ম্যাচ | ৫৫টি |
| মোট ভেন্যু | ৯টি (৩টি যুক্তরাষ্ট্রের ও ৬টি ওয়েস্ট ইন্ডিজের) |
| ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত স্টেডিয়াম | কেনসিংটন ওভাল বার্বাডোজ, ওয়েস্ট ইন্ডিজ |
| ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয় | ২৯ জুন ২০২৪ |
| ফাইনাল ম্যাচে অংশগ্রহণকারী দল | ভারত ও দক্ষিণ আফ্রিকা |
| চ্যাম্পিয়ন দল | ভারত |
| রানার্সআপ দল | দক্ষিণ আফ্রিকা |
| ফাইনালে স্কোর | ভারত ১৭৬/৬ এবং দক্ষিণ আফ্রিকা ১৬৯/৮ |
| ম্যান অব দ্যা ম্যাচ | বিরাট কোহলি (ভারত) |
| ম্যান অব দ্যা টুর্নামেন্ট | জাসপ্রিট বুমরাহ (ভারত) |
| থিম সং | আউট আব দিস ওয়ার্ড |
| সর্বোচ্চ রান সংগ্রহ কারী | রাহমানুল্লাহ গুবরাজ (আফগানিস্তান, ২৮১ রান) |
| সর্বোচ্চ উইকেট সংগ্রহকারী | যৌথভাবে আর্শদীপ সিং এবং ফজলহক ফারুকী (১৭ উইকেট) |
| পরপর দুই ম্যাচে হ্যাট্রিককারী বোলার | প্যাট কামিল (অস্ট্রেলিয়া) |
| বাংলাদেশের হয়ে সর্বোচ্চ রান সংগ্রহকারী | তাওহীদ হৃদয় (১৫৩ রান) |
| বাংলাদেশের হয়ে সর্বোচ্চ উইকেট সংগ্রহকালী | রিশাদ হোসেন (১৪ উইকেট) |
| প্রথম টি-২০ বিশ্বকাপ অনুষ্ঠিত হয় | ২০০৭ সালে |
| প্রথম টি-২০ বিশ্বকাপের স্বাগতিক দেশ | দক্ষিণ আফ্রিক |
| প্রথম টি-২০ বিশ্বকাপ বিজয়ী দল | ভারত |
| প্রথম টি-২০ বিশ্বকাপে রানার্স আপ দল | পাকিস্তান |

## সাফ অনূর্ধ্ব-২০ ফুটবল চ্যাম্পিয়নশীপ-২০২৪

- **আয়োজক** : নেপাল (১৮ - ২৮ আগস্ট, ২০২৪)।
- **অংশগ্রহণকারী দল:** ৬টি,
- **স্টেডিয়াম** : আনফা কমপ্লেক্স, কাঠমুন্ডু।
- **চ্যাম্পিয়ন:** বাংলাদেশ (৪-১ গোলে); **রানার আপ** : নেপাল [১ম বারের মত বাংলাদেশের যুবারা সাফ চ্যাম্পিয়ন হয়]।
- **টুর্নামেন্টের সেরা খেলোয়াড় ও সর্বোচ্চ গোলদাতা** : মিরাজুল ইসলাম [বাংলাদেশ];
- **সেরা গোলরক্ষক:** মোহাম্মদ আসিফ [বাংলাদেশ]।
- **বর্তমানে বাংলাদেশ অনূর্ধ্ব-২০ দলের কোচ** : কোচ মারুফুল হক [বাংলাদেশ দল এ জয়টি জুলাই বিপ্লবের শহীদদের উৎসর্গ করে]।

## পাকিস্তানের বিপক্ষে বাংলাদেশের ঐতিহাসিক টেস্ট জয়

- পাকিস্তানের রাওয়ালপিন্ডিতে পাকিস্তানকে ১০ উইকেট হারায় : ২৫ আগস্ট, ২০২৪।
  - ✓ টেস্টে প্রথমবারের মতো বাংলাদেশ পাকিস্তানকে হারায়। টেস্টে বাংলাদেশ প্রথমবারের মতো ১০ উইকেটে জয়লাভ করে।
  - ✓ ভারত ও দক্ষিণ আফ্রিকা বাদে অন্য ৯ টেস্ট খেলুড়ে দেশকে হারানোর মর্যাদা লাভ করে।
- **ম্যান অফ দ্যা সিরিজ নির্বাচিত হন** : মেহেদি হাসান মিরাজ।
- এ পর্যন্ত বাংলাদেশ ২০টি টেস্ট জয়লাভ করে (দেশের বাইরে ৮টি)। উল্লেখ্য বাংলাদেশ এ পর্যন্ত ৯টি টেস্ট সিরিজ জয়লাভ করে।
- **বাংলাদেশের সর্বপ্রথম টেস্ট জয়** : জিম্বাবুয়ের বিপক্ষে (৩৫ তম টেস্টে; ২০০৫ সালে); দেশের বাইরে ১ম টেস্ট জয় : ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে (২০০৯ সালে)।

## ১৭ তম ইউরো কাপ-২০২৪

- **আয়োজক** : জার্মানি (১৪ জুন - ১৪ জুলাই, ২০২৪), স্লোগান : United by Football.
- **স্টেডিয়াম** : ১০টি, দল সংখ্যা : ৩২টি। **জয়লাভ করে** : স্পেন, **রানার্সআপ** : ইংল্যান্ড।
- **সেরা খেলোয়াড়** : রদ্রি (স্পেন)। **সর্বোচ্চ গোলদাগা** : দানি ওলমো (স্পেন)

## ৪৮ তম কোপা আমেরিকা

- **আয়োজক** : যুক্তরাষ্ট্র (২০ জুন - ১৪ জুলাই, ২০২৪)।
- **স্টেডিয়াম** : ১৪টি, দল সংখ্যা : ১৬, (কনমেবল ১০টি + কনকাকাফ ৬টি)
- **জয়লাভ করে** : আর্জেন্টিনা (১৬ বার), **রানার্সআপ-** কলম্বিয়া। **সর্বোচ্চ গোলদাতা** : লাউতারো মার্তিনেস (আর্জেন্টিনা)।
- **সেরা খেলোয়াড়** : হামেস রোদ্রিগেস (কলম্বিয়া)। সেরা গোলকিপার : এমি মার্তিনেস (আর্জেন্টিনা)।

## সর্বশেষ ৪টি গ্র্যান্ড স্ল্যাম (টেনিস) বিজয়ী

| খেলা | স্থান | মাঠ/কোর্ট | ধরন | Men | Women |
|---|---|---|---|---|---|
| US Open 2024 | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র | Hard Court | Single | ইয়ানিক সিনার (ইতালি) | আরিনা সাবালেঙ্ক (বেলারুশ) |
| Australian Open 2024 | মেলবোর্ন, অস্ট্রেলিয়া | Hard Court | Single | ইয়ানিক সিনার (ইতালি) | আরিয়ানা সাবালেঙ্কা (বেলারুশ) |
| French Open 2024 | প্যারিস, ফ্রান্স | Clay Court | Single | কার্লোস আলকারাজ (স্পেন) | ইগা সিওনতেক (পোল্যান্ড) |
| Wimbledon Championships 2024 | লন্ডন, যুক্তরাজ্য | Grass | Single | কার্লোস আলকারাজ (স্পেন) | বারবোরা ক্রেজসিকোভা (চেক রিপাবলিক) |

## খেলাধুলা বিষয়ক আগাম বার্তা

| সাল | খেলার নাম | তম | আয়োজক দেশ |
|---|---|---|---|
| ২০২৮ | অলিম্পিক গেমস | ৩৪ | লস এঞ্জেলেস, যুক্তরাষ্ট্র |
| ২০৩২ | | ৩৫ | ব্রিজবেন, অস্ট্রেলিয়া |
| ২০২৬ | বিশ্বকাপ ফুটবল | ২৩ | যুক্তরাষ্ট্র, কানাডা, মেক্সিকো [অংশগ্রহণ : ৪৮টি দেশ।] |
| ২০৩০ | | ২৪ | মরক্কো, স্পেন, পর্তুগাল, আর্জেন্টিনা, উরুগুয়ে, প্যারাগুয়ে [অংশগ্রহণ : ৪৮টি দেশ।] |
| ২০৩৪ | | ২৫ | সৌদি আরব |
| ২০২৭ | বিশ্বকাপ ক্রিকেট | ১৪ | দক্ষিণ আফ্রিকা, জিম্বাবুয়ে ও নামিবিয়া |
| ২০৩১ | | ১৫ | ভারত ও বাংলাদেশ |
| ২০২৬ | T-20 বিশ্বকাপ ক্রিকেট | ১০ | ভারত ও শ্রীলঙ্কা |
| ২০২৮ | | ১১ | অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড |

## এক নজরে আন্তর্জাতিক বিষয়াবলি

- আনুষ্ঠানিকভাবে বাল্যবিবাহ নিষিদ্ধ করে- পশ্চিম আফ্রিকার দেশ সিয়েরা লিওন।
- প্রথমবারের মতো নিজেদের প্রযুক্তি ব্যবহার করে স্যাটেলাইট উৎক্ষেপণ করে- তুরস্ক।
- ৩২০ কোটি ব্যারেল তেলের মজুদ সম্পন্ন বিশাল তেলের খনির সন্ধান পায় উপসাগরীয় দেশ- কুয়েত।
- চীনের মধ্যস্থতায় জাতীয় ঐক্যের সরকার গঠনের চুক্তিতে সই করে ফিলিস্তিনের দুই প্রধান রাজনৈতিক গোষ্ঠী হামাস ও ফাতাহ।
- সম্প্রতি সন্ত্রাসী গোষ্ঠীর তালিকা থেকে আরব লীগ লেবাননের মিলিশিয়া গ্রুপ হিজবুল্লাহর নাম বাদ দেয়।
- জাতিসংঘ ও ইইউ এর নেতৃত্বদানকারী একমাত্র দেশ- পর্তুগাল।
- পর্যটক আকর্ষণে ও বিনিয়োগে ভিসা ফ্রি করেছে- পাকিস্তান (১২৬টি দেশের জন্য)।
- দক্ষিণ আমেরিকার দেশ হিসেবে ব্রাজিল সম্প্রতি ফিলিস্তিনের সঙ্গে মুক্ত বাণিজ্য করার ঘোষণা দিয়েছে।
- বিশ্বের প্রথম AI হাসপাতাল চালু হয়- চীনে।
- একক দেশ হিসাবে তৈরি পোশাক আমদানি ও রপ্তানিতে শীর্ষ স্থানে রয়েছে যথাক্রমে- যুক্তরাষ্ট্র ও চীন।
- ১১ই আগস্ট পণ্য পরিবহনে নতুন প্রকার চালকবিহীন ড্রোন নির্মাণ করে চীন যা চীনের সবথেকে বড় ড্রোন, ওজন ২ টন উচ্চতা ৪.৫ মিটার।
- ইন্দোনেশিয়ার নতুন রাজধানী নুসানতারা।
- আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস পালিত হয় ৩০ আগষ্ট
- বিশ্বের ২য় বৃহত্তম হীরার সন্ধান পাওয়া যায় আফ্রিকার দেশ বতসোয়ানায়।
- সর্বশেষ ন্যাটোর ৭৫ তম সম্মেলন অনুষ্ঠিত হয় যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে। ন্যাটো গঠিত হয়েছিল ৪ এপ্রিল, ১৯৪৯ সালে।
- বিশ্বের প্রথম দেশ হিসাবে "রোবোটিক হার্ট" ট্রান্সপ্লান্ট করে সৌদি আরব।
- ১০ই সেপ্টেম্বর ২০২৪ জাতিসংঘের পূর্ণ সদস্য না হয়েও পরিষদের অধিবেশনে আসন পায় ফিলিস্তিন।
- ১৭ ই সেপ্টেম্বর জাতিসংঘে বাংলাদেশের সদস্যপদ লাভের সুবর্ণ জয়ন্তী পালিত হয়।
- জাতিসংঘের ৭৮তম অধিবেশনে ৬ই জুলাইকে "পল্লী উন্নয়ন দিবস" হিসেবে ঘোষণা করে।
- ১লা অক্টোবর ২০২৪ প্রতিষ্ঠার বছর চীন প্রতিষ্ঠার ৭৫ বছর পূর্ণ হয়।
- ইরান প্রতি তাদের গবেষণা স্যাটেলাইট উৎক্ষেপণ করে যার যার নাম "চামরান-১"।
- সম্প্রতি স্টর্ম শ্যাডো নামে একটি মিসাইল এর পরীক্ষা চালায় ফ্রান্স।
- বাংলাদেশের দক্ষিণ অবস্থিত আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের নতুন রাজধানী করা হয় "শ্রী বিজয়পুরম"কে।
- ২২ সেপ্টেম্বর ২০২৪ জাতিসংঘের সাধারণ পরিষদ "ভবিষ্যতের জন্য চুক্তি (Pact for Future)" অনুমোদন করে।
- মিয়ানমারের স্বাধীনতাকামী "ব্রাদারহুড এলাইন্স"কে সন্ত্রাসী সংগঠন হিসেবে আখ্যা করে জান্তা সরকার।
- সম্প্রতি জাপানে আঘাতহানে শক্তিশালী টাইফুন শান শান।
- ২৭শে আগস্ট ২০২৪ জলবায়ু পরিবর্তন নিয়ে আন্তর্জাতিক সতর্কতা জারী করেন জাতিসংঘ মহাসচিব অ্যান্থনিও গুতেরেস।
- থার্মাইট ব্যবহার করে "ড্রাগন ড্রোন" তৈরি করে ইউক্রেন।

University Admission Coaching